অলন্ত, অজন্ত ও অনিম্ ধাতুর অচের বৃদ্ধি হয়, কিন্তু ঞ্যন্ত, শ্বি ও জাগৃ ধাতুর বৃদ্ধি হয় না। ৫৭৬। ঢভের এর পরস্থিত ত ও থ এর স্থানে ধ হয়; কিন্তু ধাঞ্ ধাতুর পরস্থিত ত ও থ এর স্থানে ধ হয় না। ৫৭৭। পরস্মৈপদের সি পরে থাকিলে হকারান্ত, মান্ত ও যকারান্ত ধাতু, ক্ষণ, শ্বস এবং বধ ধাতুভিন্ন অন্য সেম্ হসাদি ধাতুর উঙ্ অকারের বিকল্পে বৃদ্ধি হয়। ৫৭৮। ঞিৎ প্রত্যয় পরে থাকিলে ধাতুর অন্ত্য ইচ্ ও উঙ্ অকারের বৃদ্ধি হয়। ৫৭৯। অন্ত্য ণপ্ পরে থাকিলে উক্ত বৃদ্ধি বিকল্পে হয়। ৫৮০। ঠীর কিৎপ্রত্যয় ও সেম্ থপ পরে থাকিলে তৃ, ফল, ভজ, ত্রপ, শ্রথ, গ্রথ, নকারহীন দন্ভ এবং আদ্যন্তে অসংযুক্ত হস্‌বিশিষ্ট ধাতু—ইহাদের অকারের স্থানে একার এবং খির লোপ হয়। কিন্তু শপ, দদ, (অন্তঃস্থ) বকারাদি ধাতু, যাহার খির বর্ণবিপর্য্যয় হইয়াছে এমন ধাতু, যাহার গুণ ও নকার লোপ হয় এমন ধাতু—ইহাদের অকারের একার ও খির লোপ হয় না। জৄ, বম, ভ্রম, ত্রস, ফণাদি এবং বধার্থ রাধ্ ধাতুর অকারের একার ও খির লোপ বিকল্পে হয়। ৫৮১। সংযোগ যাহার অন্তে আছে এমন অকারাদি ধাতু, ঋকারাদি ধাতু এবং স্বাদিগণীয় অশ্ ধাতু—ইহাদের খির স্থানে আন্ হয়; ঠী পরে থাকিলে। কিন্তু আঞ্চ ধাতুর খির স্থানে আন্ বিকল্পে হয়। ৫৮২। ঘৌটী থীম্বম্ ইত্যাদি সূত্রের দ্বারা অম্ করার পর অজাদি ধাতুর পুনরায় অম্ হয়। ইন্দ্+দিপ্+অ+দ্=অম্+এন্দ্+অ+দ্= ঐন্দৎ। ৫৮৩। ঠী পরে থাকিলে গুরুসংজ্ঞক ইচ্ যাহার আদিতে আছে, দয়, অয়, আস, প্রত্যয়ান্ত ও অনেকাচ্ ধাতু—ইহাদের উত্তর আম্ হয়। ৫৮৪। আম্ এর উত্তর ভূ, অস্ ও কৃ ধাতুর প্রয়োগ হয়। ৫৮৫। অস্থুম্ কৃ, সৃ, বৃ, ভৃ, স্তু, দ্রু, শ্রু এবং স্রু—ইহাদেরই পরস্থিত ঠীর স্থানে ইম্ হয় না, অন্য অনিম্ ধাতুর পরস্থিত ঠীর স্থানেও ইম্ হয়। ৫৮৬। অসবর্ণ বর্ণ পরে থাকিলে খির ইবর্ণ ও উবর্ণের স্থানে যথাক্রমে ইয়্ ও উব্ হয়। উখ্+ণপ্=উখ্+ উখ্+ণপ্=উ+ওখ্+অ=উবোখ। উখতুঃ=উখ্ + অতুস্=উখ্+ উখ্ + অতুস্=উ+উখ্ +অতুস=উখতুঃ। ৫৮৭। য়ভিন্ন প্রত্যয় পরে

থাকিলে অজ্ ধাতুর স্থানে নিতাই বী আদেশ হয়, অন প্রত্যয় ও বস্ পরে থাকিলে বিকল্পে বী আদেশ হয়; কিন্তু ঘঞ্, অন্ ও ক্যপ প্রত্যয় পরে থাকিলে বী হয় না। ৫৮৮। শ্বি, শ্রি. ডী, শী, যু, রু, নু স্নু, ক্ষু, ক্ষ্ণু, ও বৃ ধাতু ভিন্ন অন্ত একাচ্ আকারান্ত, ইবর্ণান্ত, উকারান্ত ও ঋকারান্ত ধাতুর উত্তর রভিন্নবসের স্থানে ইম্ হয় না। ৫৮৯। অগুণ অচ্ পরে থাকিলে শ্নু প্রত্যয় ও ধাতুর ইবর্ণের স্থানে ইয্ ও উবর্ণের স্থানে উব্ হয়। কিন্তু সংযোগের পরস্থিত না হইলে শ্নু প্রত্যয় ও অনেকাচ্ ধাতুর যথাক্রমে উবর্ণের স্থানে বকার ও ইবর্ণের স্থানে যকার হয়। ৫৯০। ধাতু পাঠে যে সকল ধাতু অকারবিশিষ্ট হইয়াছে এবং যাহাদের উত্তর তৃণ্ প্রত্যয়ের স্থানে ইম্ হয় না, এইরূপ ধাতুসমূহ, সৃজ্, দৃশ্ এবং অজন্ত ধাতুর পরস্থিত থপ্ এর স্থানে বিকল্পে ইম্ হয় ; কিন্তু ঋ, ব্যেঞ ও অদ্—এই ধাতুগুলির পরস্থিত থপ্ এর স্থানে ইম্ বিকল্পে হয় না। ৫৯১। র ভিন্ন যকার পরে থাকিলে অজন্ত ধাতুর দীর্ঘ হয়। ৫৯২। কম্ ধাতুর উত্তর ঞিঙ্, ঋত ধাতুর উত্তর ঈয়ঙ্ এবং গুপ, ধূপ, পণ ও পন ধাতুর উত্তর স্বার্থে আয় প্রত্যয় এবং উক্ত প্রত্যয়ান্ত ধাতুগুলির পুনরায় ধুসংজ্ঞা হয়। ৫৯৩। রভিন্ন প্রত্যয় পরে থাকিলে উক্ত ধাতুগুলির উত্তর উক্ত প্রত্যয়গুলি বিকল্পে হইবে। ৫৯৪। শপ্ পরে থাকিলে ষ্ঠিবু, ক্লম, এবং আঙ্ পূর্ব্বক চম্ ধাতুর দীর্ঘ হয়। ৫৯৫। কর্ত্তৃবাচ্যে রসংজ্ঞক প্রত্যয় থাকিলে ক্রম, ক্লম, ভ্রম, ভ্রাশ, ভ্লাশ, ত্রস, ক্রুট, লষ, যস এবং সম্ পূর্ব্বক যস ধাতুর উত্তর বিকল্পে শ্যন্ হয়। ৫৯৬। পরস্মৈপদের শপ্ পরে থাকিলে ক্রম ধাতুর হ্রস্বের দীর্ঘ হয়। ৫৯৭। স্নু ও ক্রম্ ধাতুর উত্তর রভিন্ন বসের স্থানে ইম্ হয়। কিন্তু আত্মনেপদে হয় না। ৫৯৮। শিৎ প্রত্যয় পরে থাকিলে স্থা, দা (ন), পা, জ্ঞা, ধ্মা, ঘ্রা, ম্না, ঋ (ভ্বাদিগণীয়) দৃশ্, সদ্, গম, ইষ্, দম্ ও জন্ ধাতুর স্থানে যথাক্রমে তিষ্ঠ্, যচ্ছ্, পিব্, জা, জিঘ্র, ধম, ঋচ্ছ, পশ্য, শীয়, সীদ, গচ্ছ, ইচ্ছ, যচ্ছ, ও জা আদেশ হয়। ৫৯৯। পরস্মৈপদ বিভক্তি পরে থাকিলে যম্, রম্ ও আকারান্ত ধাতুর পরস্থিত সির স্থানে ইম্ এবং ধাতুর

স্থানে সন্ আদেশ হয়। ৬০০। ষ্ঠিব্ ও অজাদি ধাতুর থির ঠকার ও ছকারের স্থানে বিকল্পে তকার হয়। ৬০১। সন্ ও ঠী পরে থাকিলে জি ধাতুর স্থানে গি আদেশ হয়। ৬০২। কর্তৃবাচ্যে রসংজ্ঞক প্রত্যয় পরে থাকিলে অক্ষ্ ধাতু ও কৃশার্থক তক্ষ্ ধাতুর উত্তর (শপ্ না হইয়া) শ্নু হয় বিকল্পে। ৬০৩। সকার পরে থাকিলে ষকার ও ঢকারের স্থানে ক্ হয়। ৬০৪। টী পরে থাকিলে কৃশ, মৃশ, স্পৃশ্, তৃপ, দৃপ ও সৃপ ধাতুর উত্তর সি বিকল্পে হয়। ৬০৫। অকিৎ ঝস্ পরে থাকিলে উক্ত কৃষাদি ধাতুর ঋকারের স্থানে বিকল্পে র্ হয়; কিন্তু দৃশ্ ও সৃজ্ ধাতুর ঋকারের নিত্যই রকার হয়। ৬০৬। টী পরে থাকিলে ইচ্ উঙ্ বিশিষ্ট অনিম্ হকারান্ত শকারান্ত ও ষকারান্ত ধাতুর উত্তর (সি না হইয়া) সক্ হয়, সক্ এর কৃইৎ। কিন্তু শ্লিষ্ ধাতুর আলিঙ্গন অর্থেই সক্ হয়। ৬০৭। সহ্, লুভ, ভৃ, স্তু, শুচ্, বস্, তৄ, অশ্, রুষ্, রিষ্ ও ইষ্ ধাতুর উত্তর রভিন্ন তকারের স্থানে ইম্ বিকল্পে হয়। ৬০৮। ঠী পরে থাকিলে দরিদ্রা, কাশ্, বাস্, জাগৃ ও উষ্ ধাতুর উত্তর বিকল্পে আম্ হয়। ৬০৯। শিৎ ভিন্ন প্রত্যয় পরে থাকিলে ধাতুর এচ্ এর স্থানে আকার হয়। ৬১০। আকারান্ত ধাতুর পরস্থিত ণপ্ এর স্থানে ডৌ হয়। ৬১১। উস্ প্রত্যয়, এচ্ প্রত্যাহার, ইম্ এবং রভিন্ন অগুণ অচ্ পরে থাকিলে ধাতুর আকারের লোপ হয়। ৬১২। টীর অগুণ প্রত্যয় পরে থাকিলে স্থাভিন্ন সংযোগাদি আকারান্ত ধাতুর স্থানে ঙে হয় বিকল্পে। ৬১৩। টীর অগুণ প্রত্যয় পরে থাকিলে দাসংজ্ঞক ধাতু, মাসংজ্ঞক ধাতু, গৈ, হাক্, পিব (পানার্থক পা), সো ও স্থা ধাতুর স্থানে ঙে হয়; কিন্তু অগুণ রভিন্ন ও যপ্ ভিন্ন হস পরে থাকিলে উহাদের স্থানে ঙী হয়। ৬১৪। কর্তৃবাচ্যে টী বিভক্তি পরে থাকিলে ঞ্যন্ত, শ্রি, স্রু, দ্রু ও কম ধাতুর উত্তর অঙ্ প্রত্যয় হয়; কিন্তু শ্বি, ধেট, ধ্বনি, এলি, অর্দ্দি ও উনি ধাতুর উত্তর বিকল্পে অঙ্ হয়। ৬১৫। পরস্মৈপদের বিভক্তি পরে থাকিলে ধেট, শো, ছো, সো ও ঘ্রা ধাতুর পরস্থিত সির বিকল্পে লুক্ হয়। ৬১৬। যঙ্, যক্ এবং ঠী ও টীর অগুণ

প্রত্যয় পরে থাকিলে ঋধাতু ও সংযোগাদি ঋকারান্ত ধাতুর ঋকারের গুণ হয়; কিন্তু স্থম্ যুক্ত কৃধাতুর ঋকারের গুণ ঠী পরে থাকিলেই হয়, অন্যত্র হয় না। ৬১৭। বৃ, ঋ ও স্ক ভিন্ন ঋকারান্ত ধাতুর পরস্থিত থপ এর স্থানে ইম্ হয় না। ৬১৮। হন্ ধাতু ও ঋকারান্ত ধাতুর পরস্থিত 'স্ত' এর স্থানে ইম্ হয়। ৬১৯। বচ্, দিবাদিগণীয় অস্, খ্যা, লিপ্, সিচ্ এবং হ্বে ধাতুর ঙ প্রত্যয় হয় কর্ত্তৃবাচ্যে টী পরে থাকিলে; কিন্তু সৃ ও ঋধাতুর উত্তর ঙ বিকল্পে হয় এবং লিপাদির উত্তর আত্মনেপদেই ঙ হয়। ৬২০। ঙ প্রত্যয় পরে থাকিলে দৃশ ও ঋবর্ণান্ত ধাতুর গুণ হয়। ৬২১। শ, যক ও টীর পরস্মৈপদ পরে থাকিলে ঋকারে স্থানে রি হয়। ৬২২। কর্ত্তৃবাচ্যে রসংজ্ঞক প্রত্যয় পরে থাকিলে শ্রু ধাতুর উত্তর শ্নু হয় এবং শ্রু ধাতুর জি হয় অর্থাৎ শ্র ধাতুর 'রু' এর স্থানে ঋ হয়। ৬২৩। বকার ও মকার পরে থাকিলে অসংযুক্ত মু (শ্নু) ও উপ (শুপ) এর অকারের লোপ হয় বিকল্পে। ৬২৪। স্থ ও স্ত ধাতুর পরস্থিত সির স্থানে ইম্ হয়, যদি পরস্মৈপদ পরে থাকে। ৬২৫। গম্ ধাতুর পরস্থিত সকারের স্থানে ইম্ হয়; কিন্তু আত্মনেপদের যোগ্য হইলে উহার পরস্থিত সকারের স্থানে ইম্ বিকল্পে হয়। ৬২৬। বিপূর্ব্ব ক্র্যাদিগণীয় স্কভ্ ধাতু এবং বকার রহিত বি, সু, নির্ ও দুর্পূর্ব্বক স্বপ ধাতুর সকারের স্থানে ষকার হয়। কিন্তু নি, নির্ ও বিপূর্ব্বক স্ফুর্ ও স্ফুল্ ধাতু এবং অপ্রাণিকর্ত্তৃক নি, পরি, নির্, বি, অভি ও অনুপূর্ব্বক স্যন্দ ধাতুর সকারের স্থানে ষকার বিকল্পে হয়। ৬২৭। কিৎ ঠী পরে থাকিলে ৠকারের গুণ হয়। ৬২৮। বৃঙ, বৃঞ, ৠকারান্ত ধাতুর পরস্থিত ইমের স্থানে বিকল্পে দীর্ঘ হয়; কিন্তু উহাদের পরস্থিত ঠী, টী ও পরস্মৈপদের সির স্থানে জাত ইম্ এর দীর্ঘ হয় না। ৬২৯। অগুণ প্রত্যয় পরে থাকিলে ৠকারের স্থানে ইর্ হয়; ওষ্ঠ্যবর্ণের পরস্থিত ৠকারের স্থানে উর্ হয়। ৬৩০। সন্জ, দনশ ও স্বঞ্জ্ ধাতুর নকারের লোপ হয় শপ্ পরে থাকিলে। ৬৩১। কিৎ, তিজ, ও গুপ ধাতুর উত্তর স্বার্থে সন্ হয়; এবং সন্ এর স্থানে ইম্ হয় না; মান, শান ও বধ ধাতুর স্বার্থে সন্ হয় এবং উহাদের

খির স্থানে উাঁও হয়। ৬৩২। সন্নন্ত ও এ্যান্তন্ত ধাতুগুলির পুনরায় ধুসংজ্ঞা হয়। ৬৩৩। সনন্ত ও যঙন্ত ধাতুর দ্বিত্ব হয়। পবৎপাদ সমাপ্ত।

৬৩৪। অম্ ব্যবধান থাকিলে নি, বি ও পরিপূর্ব্বক স্বপ্, স্তু ও স্বমাদি ধাতুর সকারের ষত্ব হয় বিকল্পে। ৬৩৫। ঠী পরে থাকিলে সদ্ ও স্বঞ্জ ধাতুর খিভিন্নের ষত্ব হয় না। ৬৩৬। অচ্ পরে থাকিলে ভভ ধাতুর ঙ্গুণ্ হয়। ৬৩৭। ধাতুর উত্তর সন্ করিলে ধাতুর অনুসারেই সনন্ত ধাতুও পরস্মৈপদী বা আত্মনেপদী হয়; কিন্তু আয় প্রত্যয়ের উত্তর সন্ন্ত করিলে সন ধাতুর পরস্মৈপদত্ব বা আত্মনে-পদত্ব বিকল্পে হয়। ৬৩৮। বিচ্ছ ধাতু এবং স্তুতিভিন্নার্থে প্রযুক্ত পণ ধাতুর উত্তর আয় প্রত্যয় বিকল্পে হয়। ৬৩৯। ঞির পরে অঙ্ থাকিলে ধাতুর উঙের হ্রস্ব হয়; কিন্তু অকৃলোপী ধাতু, শাস্ ধাতু এবং ঋদিৎ ধাতুর উঙের হ্রস্ব হয় না। ৬৪০। লঘু ধাত্বক্ষর পরে থাকিলে খির সন্বৎ কার্য্য হয়, এবং হসাদি ধাতুর লঘু ধাত্বক্ষরের দীর্ঘ হয়, যদি ঞির পরে অঙ্ থাকে; কলি, হলিভিন্ন অনেকাচ্ ও নামধাতুর দীর্ঘ ও খির সন্বৎ কার্য্য বিকল্পে হয়। ৬৪১। সন্ পরে থাকিলে খির অকারের স্থানে ইকার হয়। ৬৪২। আলু, ইষ্ণু, আয্য, অন্ত, ইত্নু, আম্, ইম্ ও শিভিন্ন প্রত্যয় পরে থাকিলে ঞির লোপ হয়। ৬৪৩। যকার ভিন্ন হস্ পরে থাকিলে যকার ও বকারের লোপ হয়। ৬৪৪। তন্ পরে থাকিলে পদ ধাতুর উত্তর ইণ্ হয় কর্ত্তৃবাচ্যে; কিন্তু প্যায়, তায়, দীপ, পূর, জন ও বুধ ধাতুর পর ইণ্ বিকল্পে হয়। ৬৪৫। ইণ্ এর পরস্থিত তন্ এর লোপ হয়। ৬৪৬। যঙ্ ও ঠী পরে থাকিলে প্যায়্ ধাতুর স্থানে পী আদেশ হয়। ৬৪৭। ঠী পরে থাকিলে দ্বিরুক্ত দেঙ্ ধাতুর স্থানে দিগি আদেশ হয়। ৬৪৮। দ্যুৎ ও স্বাপি ধাতুর খির স্থানে জি হয়। ৬৪৯। বৃতাদিগণীয় ধাতু স্য ও সন্ এর স্থানে পরস্মৈপদে ইম্ হয় না; কিন্তু আত্মনেপদাতিরিক্ত স্থলে বিকল্পে ইম্ হয়; অতএব স্য ও সন্ পরে থাকিলে বৃতাদির উত্তর পরস্মৈপদ বিভক্তির যে প্রয়োগ হয় ইহাও বুঝা গেল। ৬৫০। কৃপাদি শব্দ ভিন্ন অন্যত্র কৃপ্ ধাতুর স্থানে কল্প্ আদেশ হয়। ৬৫১। বৃতাদি ধাতুর পরস্থিত উীর স্থানে

পরস্মৈপদে ইম্ হয় না। অতএব বৃতাদির উত্তর ডীর পরস্মৈপদ বিভক্তির প্রয়োগ হয়। ৬৫২। ব্যথ, গ্রহ, জ্যা, বয়, ব্যধ, বশ, ব্যচ, প্রচ্ছ, ব্রশ্চ, ভ্রস্জ স্বপ, বচ ও যজাদি ধাতুর খির স্থানে জি হয়, ঠী পরে থাকিলে। ৬৫৩। বচি, অস্ত (দিবাদিগণীয় অস্) শ্বি ও পত্ ধাতুর স্থানে যথাক্রমে বোচ্, স্থ শ্ব ও পপ্ত আদেশ হয় ঙ পরে থাকিলে। ৬৫৪। ঢকার পরে থাকিলে সহ্ ও বহ্ ধাতুর অকারের স্থানে ওকার হয়। ৬৫৫। শপ্ পরে থাকিলে শদ্ ধাতুর উত্তর আত্মনেপদ প্রত্যয় হয়। ৬৫৬। খন্, সন্ ও জন্ ধাতুর স্থানে ঙা হয় ঝস্ পরে থাকিলে; কিন্তু যকার পরে থাকিলে উহাদের স্থানে বিকল্পে ঙা হয়। ৬৫৭। গুহ্ ধাতুর স্থানে জাত গুণ অর্থাৎ ওকারের স্থানে ঊ হয়। ৬৫৮। টীর আত্মনেপদের দন্ত্যবর্ণ পরে থাকিলে গুহ্, দুহ্, দিহ্ ও লিহ্ ধাতুর উত্তর সি হয় না; কিন্তু সক হয় বিকল্পে। ৬৫৯। অবহুবচনের অচ্ পরে থাকিলে সক্ এর অকারের লোপ হয়। ৬৬০। ইক্ যাহার উঙে আছে এমন ধাতু এবং ঋবর্ণান্ত ধাতুর পরস্থিত আত্মনেপদেস্থিত অনিম্ টী ও সির কিৎ সংজ্ঞা হয়; কিন্তু গম্ ধাতুর উত্তর উহাদের কিৎ সংজ্ঞা বিকল্পে হয়। ৬৬১। শপ্, যক, অন, অস্ ও ঘিনি প্রত্যয় পরে থাকিলে রন্জ ধাতুর নকারের লোপ হয়; কিন্তু ঞি পরে থাকিলে মৃগরমণ অর্থেই উহার নলোপ হইবে। ৬৬২। কিৎ ও ঙিৎ প্রত্যয় পরে থাকিলে গ্রহাদি ধাতুর এবং কেবল কিৎ প্রত্যয় পরে স্বপাদি ধাতুর জি হয়। ৬৬৩। ঠী পরে থাকিলে বেঞ, প্রচ্ছ, ব্রশ্চ্ ও ভ্রস্জ ধাতুর জি হয় না। ৬৬৪। ঠী পরে থাকিলে বেঞ্ স্থানে বয়্ আদেশ বিকল্পে হয়। ৬৬৫। ঠীর কিৎপ্রত্যয় পরে থাকিলে বেঞ্ ধাতুর যকারের স্থানে বকার বিকল্পে হয়। ৬৬৬। ঠী পরে থাকিলে বেঞ্ ধাতুর স্থানে 'এচোঽশিত্যা' বলিয়া আ হয় না। ৬৬৭। ঠীর কিৎপ্রত্যয় পরে থাকিলে দ্বিরুক্ত বেঞ্ ধাতুর অন্ত্য ভাগের জি হয়। ৬৬৮। দ্বিরুক্ত বেঞ্ ধাতুর স্থানে জি হয়। ৬৬৯। রভিন্ন সকার পরে থাকিলে সকারের স্থানে তকার হয়। ৬৭০। যঙ্ ও ঠী পরে থাকিলে শ্বি ধাতুর স্থানে জি বিকল্পে হয়; এইরূপ ঞির পরে অঙ্ ও

সন্ থাকিলেও উহার স্থানে জি বিকল্পে হয়। মিশ্রপাদ সমাপ্ত। ভ্বাদ্যধ্যায়ও সমাপ্ত।

৬৭১। অদাদির পরস্থিত শপ্ এর লুক্ হয়। ৬৭২। হুধাতু ও ঝসন্ত ধাতুর উত্তর হির স্থানে ধি হয়। ৬৭৩। হসন্ত ধাতুর পরস্থিত দি ও সির লোপ এবং অদ্ ধাতুর পরস্থিত দি ও সির স্থানে অম্ আগম হয়। ৬৭৪। সন্, টী, অল্ ও ঘঞ্ পরে থাকিলে অদ্ ধাতুর স্থানে ঘস৯ আদেশ হয়। ৬৭৫। ঠী পরে থাকিলে অদ্ ধাতুর স্থানে ঘস৯ আদেশ বিকল্পে হয়। ৬৭৬। দ্বিষ্, বিদ্ ও অ াদন্ত ধাতুর পরস্থিত অন্ এর স্থানে উস্ বিকল্পে হয়। ৬৭৭। অগুণ ঝস্ ও যপ্ প্রত্যয় পরে থাকিলে বন, তনাদি ও অনিম্ ধাতুর ঞম্ এর লোপ হয়, কিন্তু তিক্ প্রত্যয় পরে থাকিলে ঞম্লোপ হয় না। ৬৭৮। হি বিভক্তির সহিত যুক্ত হইলে হন্ ধাতুর স্থানে জহি, অস্ ধাতুর স্থানে এধি এবং শাস্ ধাতুর স্থানে শাধি আদেশ হয়। ৬৭৯। টী, ঢী ও অল্ প্রত্যয় পরে থাকিলে হন্ ধাতুর বধ আদেশ হয়, কিন্তু টীর আত্মনেপদে বিকল্পে হয়। ৬৮০। হন্ ধাতুর খির পরস্থিত হকারের স্থানে ঘকার হয় এবং ঞিৎ ও ণিৎ প্রত্যয় পরে থাকিলেও উহার হকারের ঘকার হয়। ৬৮১। রসংজ্ঞক পিৎ হস্ পরে থাকিলে দ্বিরুক্ত ধাতুভিন্ন অন্য উকারান্ত ধাতুর উকারের বৃদ্ধি হয়। ৬৮২। অগুণ অচ্ পরে থাকিলে ইন্ ধাতুর স্থানে যকার হয়। ৬৮৩। টী পরে থাকিলে ইন্ ধাতুর স্থানে গা আদেশ হয়। ৬৮৪। ঠীর কিৎ প্রত্যয় পরে থাকিলে ইন্ ধাতুর খির দীর্ঘ হয়। ৬৮৫। উপসর্গের পরস্থিত না হইলে ইন্ এর ইকারের দীর্ঘ হয় ঢীর কিৎ প্রত্যয় পরে থাকিলে। ৬৮৬। ইক্ ধাতুর কার্য্য ইনের ন্যায় হয় এবং উহার রূপ ও ইনের ন্যায়। ৬৮৭। বিদ্ ধাতুর কীর পরস্মৈপদের স্থানে ঠীর পরস্মৈপদ হয়। ৬৮৮। ঠী পরে থাকিলে বিদ্ ধাতুর উত্তর বিকল্পে ঙাম্ হয়; কিন্তু গী পরে থাকিলে বিদ্ ধাতুর উত্তর বিকল্পে আমও হয় এবং আমের উত্তর কৃঞ্ ধাতুরই প্রয়োগ হয়। ৬৮৯। তনাদি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে উপ্ হয় রসংজ্ঞক প্রত্যয় পরে থাকিলে।

৬৯০। অগুণ রসংজ্ঞক প্রত্যয় পরে থাকিলে কৃঞ্ ধাতুর অকারের স্থানে উকার হয়। ৬৯১। ঘীর সি বিভক্তি পরে থাকিলে দ্ ও ধ্ এর র হয় বিকল্পে। ৬৯২। রসংজ্ঞক ঙিৎ প্রত্যয় পরে থাকিলে অস্ ধাতুর অকারের এবং সকার পরে থাকিলে সকারের লোপ হয়। ৬৯৩। রভিন্ন প্রত্যয় পরে থাকিলে অস্ ধাতুর স্থানে ভূ আদেশ হয়। ৬৯৪। প্রাদুর্ অব্যয় এবং উপসর্গের ইকের পরস্থিত অস্ ধাতুর সকারের ষত্ব হয়। ৬৯৫। কিৎ ও ঙিৎ ভিন্ন প্রত্যয় পরে থাকিলে মৃজ্ ধাতুর নিত্যই বৃদ্ধি হয়; কিন্তু অগুণ অচ্ পরে থাকিলে বৃদ্ধি বিকল্পে হয়। ৬৯৬। রুদাদি ধাতুর পরস্থিত যকারভিন্ন রসংজ্ঞক হস্ এর স্থানে ইম্ হয়। ৬৯৭। রুদাদির পরস্থিত দি ও সির স্থানে বিকল্পে অম্ হয়। ৬৯৮। দ্বিরুক্ত ধাতুর পরস্থিত 'অন্তু' ভাগের স্থানে অৎ হয়। ৬৯৯। উস্ পরে পরে থাকিলে দ্বিরুক্ত ধাতুর স্থানে গুণ হয়, কিন্তু ঠী পরে থাকিলে হয় না। ৭০০। ণপ্, বি, ইণ্ ও ঙিৎ ভিন্ন প্রত্যয় পরে থাকিলে জাগৃ ধাতুর গুণ হয়; কিন্তু কহ্ ও কান পরে থাকিলে গুণ বিকল্পে হয়। ৭০১। অগুণ রসংজ্ঞক হস পরে থাকিলে দরিদ্রাধাতুর স্থানে ঙি হয়, কিন্তু হাক্ ও ভী ধাতুর ঙি হয় বিকল্পে। ৭০২। অগুণ প্রত্যয় পরে থাকিলে শ্না ও দ্বিরুক্ত ধাতুর আকারের লোপ হয়; কিন্তু অগুণ হস্ পরে থাকিলে দাভিন্ন দ্বিরুক্ত ধাতুর আকারের স্থানে ঈকার হয়। ৭০৩। সন্ অক ও অন প্রত্যয় ভিন্ন রভিন্ন প্রত্যয় পরে থাকিলে দরিদ্রা ধাতুর লোপ হয়; কিন্তু টী পরে থাকিলে আকারের লোপ হয় বিকল্পে। ৭০৪। ঘীর দি পরে থাকিলে সকারের স্থানে তকার হয় বিকল্পে। ৭০৫। সি পরে থাকিলে স্ এর স্থানে ত্ বিকল্পে হয়। ৭০৬। অগুণ হস্ ও ঙ প্রত্যয় পরে থাকিলে শাস্ ধাতুর উঙের স্থানে ইকার হয়; কিন্তু ক্বিপ্ পরে থাকিলে আঙ্ পূর্ব্বক শাস্ ধাতুরও উঙের ইকার হয়। ৭০৭। রভিন্ন প্রত্যয় পরে থাকিলে চক্ষ্ ধাতুর স্থানে কৃশাঞ্ ও খ্যাঞ্ আদেশ হয়; কিন্তু ত্যাগ অর্থে এবং উস্, অস ও অন প্রত্যয় পরে থাকিলে উক্ত আদেশ হয় না। ৭০৮। ঠী পরে

থাকিলে চক্ষ্ ধাতুর স্থানে কৃশাঞ ও খ্যাঞ আদেশ বিকল্পে হয়। ১০৯। জন্, ঈড়্ ও ঈশ্ ধাতুর পরস্থিত রসজ্ঞক স্ ও ধ্ব্ এর স্থানে ইম্ হয়। ১১০। গী পরে থাকিলে সূ ধাতুর গুণ হয় না। ১১১। য পরে থাকিলে শীঙ ধাতুর গুণ হয়। ১১২। শীঙ্ ধাতুর পরস্থিত আত্মনেপদের 'অন্ত্' ভাগের স্থানে রম্ হয়; কিন্তু বিদ্ ধাতুর উত্তর বিকল্পে রম্ হয়। ১১৩। টী ও থী পরে থাকিলে ইঙ্ ধাতুর স্থানে গী হয় বিকল্পে। ১১৪। ঠী পরে থাকিলে ইঙ্ এর স্থানে গা হয়; কিন্তু ঞির পর অঙ্ ও সন থাকিলে গা বিকল্পে হয়। ১১৫। দীধী ও বেবী ধাতুর গুণ হয় না। ১১৬। যকার ও ইবর্ণ পরে থাকিলে দীধী ও বেবী ধাতুর অন্তের লোপ হয়। ১১৭। রসংজ্ঞক পিৎ হস্ পরে থাকিলে উর্ণু ধাতুর গুণ হয় বিকল্পে। ১১৮। ঘীর পিৎ হস্ পরে থাকিলে উর্ণু ধাতুর গুণ হয়। ১১৯। টী পরে থাকিলে উর্ণু ধাতুর স্থানে গুণ, উব্ ও বৃদ্ধি হয়। ১২০। যে ধাতুর আদি ও অন্তে অচ্ আছে, তাহার আদিবর্ণের দ্বিত্ব হয় না। ১২১। যদি যকার পরে না থাকে, তবে সংযোগের আদিতে স্থিত ন্, ব্, দ্ র এর দ্বিত্ব হয় না। ১২২। উর্ণু ধাতুর পরস্থিত ঈমের বিকল্পে ঙিৎ সংজ্ঞা হয়। ১২৩। ব্রূ ধাতুর পরস্থিত রসংজ্ঞক পিৎ হসের স্থানে ঈম্ হয়, কিন্তু যঙ্ লুগন্ত ধাতু এবং রু, তু ও স্তু ধাতুর পরস্থিত উহার স্থানে ঈম্ বিকল্পে হয়। ১২৪। ব্রূ ধাতুর পরস্থিত পঞ্চ তিপ্ এর স্থানে পঞ্চ ণপ্ এর আদেশ হয় এবং ব্রূ ধাতুর স্থানে আহ্ হয়। ১২৫। থকার পরে থাকিলে আহ্ এর হকারের স্থানে তকার হয়। ১২৬। রভিন্ন প্রত্যয় পরে থাকিলে ব্রূ ধাতুর স্থানে বচ আদেশ হয়। অদাদিপাদ সমাপ্ত।

১২৭। র পরে থাকিলে হ্বাদিগণীয় ধাতুর দ্বিত্ব হয়। ১২৮। অগুণ অচ্ পরে থাকিলে হু ধাতুর উকারের স্থানে বকার হয়। ১২৯। ঠী পরে থাকিলে ভী, হ্রী, ভৃ ও হু ধাতুর উত্তর প্শাম্ বিকল্পে হয়। ১৩০। র পরে থাকিলে পৃ, ঋ, ভৃ, মাঙ্ ও হাঙ্ ধাতুর দ্বির স্থানে ঙি হয়। ১৩১। পৃ ধাতুর দীর্ঘ হয় বিকল্পে। ১৩২। ঞী পরে থাকিলে হাক্ ধাতুর

অন্তের লোপ হয়। ১৩৩। হি পরে থাকিলে হাক্ ধাতুর স্থানে বিকল্পে ঙা হয়। ১৩৪। র পরে থাকিলে নিজ্, বিজ ও বিষ্ ধাতুর খির গুণ হয়। ১৩৫। অচ্ পরে থাকিলে দ্বিরুক্ত ধাতুর উঙের গুণ হয় না। ১৩৬। দ্বিরুক্ত দাঞ্ ধাতুর স্থানে দে এবং ধাঞ্ এর স্থানে ধে আদেশ হয় হি পরে থাকিলে। ১৩৭। টীর আত্মনেপদ পরে থাকিলে স্থা ও দা ধাতুর স্থানে ঙি হয় এবং ঙির গুণ হয় না। ১৩৮। ত ও থ পরে থাকিলে এবং তন্নিমিত্তক অন্ত্যবর্ণের লোপ হইলে ধাঞ্ ধাতুর দকারের স্থানে ধকার হয়। হ্বাদি সমাপ্ত।

১৩৯। কর্ত্তৃবাচ্যে রসংজ্ঞক প্রত্যয় পরে থাকিলে দিবাদির উত্তর, শ্যন্, স্বাদির উত্তর শ্নু, তুদাদির উত্তর শ, রুধাদির উত্তর শ্নণ্ এবং ক্র্যাদির উত্তর শ্না হয়। শ্যন্ প্রভৃতির শ ইৎ হয়। ১৪০। নৃৎ, কৃৎ, চৃৎ, ছৃৎ ও তৃদ্ ধাতুর পরস্থিত সি ভিন্ন রভিন্ন সকারের স্থানে ইম্ বিকল্পে হয়। ১৪১। যন্ অর্থাৎ শ্যন্ পরে থাকিলে ওকারের লোপ, শমাদির দীর্ঘ এবং মিদাদির গুণ হয়। ১৪২। ঠীর ইম্ নহে এমন ইম্ ভিন্ন অচ্ পরে থাকিলে মুচাদি ধাতুর, ঝস পরে থাকিলে নশ্ ও মসজ ধাতুর এবং র ও ঠী ভিন্ন অচ্ পরে থাকিলে রভ্ ও লভ্ ধাতুর নুণ্ হয়। ১৪৩। ঙ পরে থাকিলে নশ্ এর স্থানে নেশ্ বিকল্পে হয়। ১৪৪। ঠী পরে থাকিলে দীঙ্ ধাতুর স্থানে যন্ এবং যপ্ ও গুণ পরে থাকিলে উহার স্থানে ঙা হয়; কিন্তু সন্ পরে থাকিলে উহার স্থানে ঙা বিকল্পে হয়। ১৪৫। জন, বধ এবং কম্, বম ও আচম্ ভিন্ন সেম অমন্ত ধাতুর হ্রস্ব হয় ঞিৎ ও ণিৎ কৃৎ প্রত্যয় এবং ইণ্ পরে থাকিলে। কিন্তু অম, যম ও বিপূর্ব্ব শ্রম ধাতুর হ্রস্ব বিকল্পে হয়। দিবাদি সমাপ্ত॥ ১৪৬। যপ্ ও গুণীভূত প্রত্যয় পরে থাকিলে মি ও মীর স্থানে ঙা হয় খল্ ও অন্ ভিন্ন প্রত্যয়ে পরে থাকিলে। ১৪৭। সন্ ও ঠী পরে থাকিলে চি ধাতুর স্থানে কি আদেশ হয় বিকল্পে। ১৪৮। স্ক ভিন্ন সংযোগাদি ঋকারান্ত, ৠকারান্ত, বৃঞ ও বৃঙ্ ধাতুর পরিস্থিত সন্ এবং আত্মনেপদের টী ও সির স্থানে ইম্ হয় বিকল্পে। ১৪৯। অঙ্ পরে না থাকিলে খির পরস্থিত হি

ধাতুর স্থানে ঘি হয়। ১৫০। শু পরে থাকিলে কৃবি ও ধিবি ধাতুর স্থানে যথাক্রমে কৃ ও ধি হয়। ১৫১। থপ্ পরে থাকিলে শ্রন্থ্, গ্রন্থ্ ও দন্ভ ধাতুর বিকল্পে নলোপ হয়। ম্বাদি সমাপ্ত॥ ১৫২। রভিন্ন গুণীভূত প্রত্যয় পরে থাকিলে ভ্রস্জ্ ধাতুর স্থানে বিকল্পে ভর্জ্ আদেশ হয়। ১৫৩। ঠী পরে থাকিলে ঋচ্ছ ধাতুর গুণ হয়। ১৫৪। হিংসা অর্থে প্রতি ও উপ শব্দের পরস্থিত এবং ছেদন অর্থে উপ-শব্দের পরস্থিত কৄ ধাতুর স্থানে স্কুম্ হয়। ১৫৫। শ ও গুণীভূত প্রত্যয় পরে থাকিলে তৃনপ, তুন্প, তৃন্ফ, তুন্ফ, রিন্ফ্, গুন্ফ, দৃন্ভ, উন্ভ ও শুন্ভ ধাতুর নকারের লুক্ হয় বিকল্পে। ১৫৬। ঞিৎ ও ণিৎ প্রত্যয় পরে থাকিলে কুটাদি ধাতুর গুণ ও বৃদ্ধি উভয়ই হয়। ১৫৭। ঞিৎ, ণিৎ ও অস্ ভিন্ন প্রত্যয় পরে থাকিলে ব্যচ্ ধাতুর জি হয় অর্থাৎ য এর স্থানে ই হয়। ১৫৮। শ, টী ও ঢী থাকিলেই মৃঙ্ ধাতুর উত্তর আত্মনেপদ প্রত্যয় হয়। ১৫৯। ইম্ পরে থাকিলে বিজি ধাতুর গুণ হয় না। তুদাদি সমাপ্ত। ১৬০। অগুণ রসংজ্ঞক প্রত্যয় পরে থাকিলে নণ্ এর স্থানে নকার হয়। ১৬১। রসংজ্ঞক পিৎ হস পরে থাকিলে তৃহ্ ধাতুর পরস্থিত নণ্ এর স্থানে ইণ্ হয়; ইণের ণকার ইৎ, নণ্ এর অকারের পরে বসে; ফলে ন+ই=নে হয়; ১৬২। শ্নন্ এর পরস্থিত নকারের লোপ হয়। ১৬৩। অঞ্জ্ ধাতুর পরস্থিত সির স্থানে ইম্ হয় পরস্মৈপদে। রুধাদি সমাপ্ত। ১৬৪। কৃ ধাতু ভিন্ন তনাদি ধাতুর পরস্থিত সির বিকল্পে লোপ হয় তকার ও থাস্ পরে থাকিলে। ১৬৫। শুপ্ পরে থাকিলে ধাতুর উঙের গুণ হয় না; কিন্তু উঙ্ ঋকারের গুণ হয় বিকল্পে। ১৬৬। কৃ ধাতুর পরস্থিত শুপের লোপ হয় ব, ম ও যকার পরে থাকিলে। ১৬৭। সম্ ও পরি উপসর্গের পরস্থিত কৃঞ্ এর স্থানে স্কুম্ হয়; কিন্তু উপরূপ উপসর্গের কৃঞ্ এর স্কুম্ তখনই হইবে, যখন উহার দ্বারা ভূষা, সঙ্ঘ, প্রতিযত্ন, বিকার ও অধ্যাহার বুঝাইবে। ১৬৮। কৃঞ্ ধাতু পরে থাকিলে হস্তে, পাণৌ, প্রাধ্বম্, জীবিকা ও উপনিষদ্ এই অব্যয়গুলির সহিত উহার নিত্যই সমাস হয়; কিন্তু তিরস্, মধ্যে, পাদ,

নিবচনে, মনসি, উরসি, উপাজে, অন্নাজে ও সাক্ষাৎ প্রভৃতি শব্দের সহিত উহার সমাস বিকল্পে হয়। তনাদি সমাপ্ত। ১৬৯। স্তু, স্কন্‌ভু, স্তুন্‌ভু স্তন্‌ভু ও স্তন্‌ভু প্রভৃতি ধাতুর উত্তর শ্নু ও শ্না উভয়ই হয় কর্তৃবাচ্যে রসংজ্ঞক প্রত্যয় পরে থাকিলে। ১৭০। শ্না প্রত্যয় পরে থাকিলে প্বাদিগণীয় ধাতুর হ্রস্ব হয় ; কিন্তু ব্র্যাদির হ্রস্ব বিকল্পে হয়। ১৭১। হি পরে থাকিলে হস্ এর পরস্থিত শ্নার স্থানে আন আদেশ হয়। ১৭২। ঠী ভিন্ন বিভক্তি পরে থাকিলে গ্রহ্ ধাতুর পরস্থিত ইম্ এর দীর্ঘ হয়। ১৭৩। ঠীর কিৎপ্রত্যয় পরে থাকিলে শৄ, পৄ ও দৄ ধাতুর হ্রস্ব বিকল্পে হয়। ক্র্যাদি সমাপ্ত॥

১৭৪। চুরাদি ধাতুর উত্তর (স্বার্থে) ঞি হয় বিকল্পে। ১৭৫। কৄৎ ধাতুর কীর্ত্ত আদেশ হয় ঞি পরে থাকিলে। ১৭৬। শিৎ ভিন্ন প্রত্যয় পরে থাকিলে হস এর পরস্থিত অকার ও যকারের লোপ হয়। ১৭৭। ঞির পরে অঙ্ থাকিলে গণ ও কথ ধাতুর খির স্থানে বিকল্পে ঊঙ্ হয়।

১৭৮। প্রেরণার্থে ধাতুর উত্তর ঞি প্রত্যয় হয়। ১৭৯। ঞির পরে অঙ্ থাকিলে স্ম্ব, দৃ, ত্বর, প্রথ, ম্রদ, স্তৃ ও স্পশ্ ধাতুর খির স্থানে অঙ্ হয় ; কিন্তু চেষ্ট ও বেষ্ট ধাতুর পরস্থিত খির স্থানে অঙ বিকল্পে হয়। ১৮০। ঞির পরে অঙ্ থাকিলে ভ্রাজ্, ভ্রাস্. ভাষ্, ভাস, দীপ্, জীব, মীল্, পীড়, কণ, বণ, ভণ, শ্রণ, লপ, লুপ, লুট ও হেঠ ধাতুর ইঙের হ্রস্ব হয় বিকল্পে। ১৮১। ঋকার যাহার উঙে আছে, এমন ধাতুর স্থানে পুনরায় সেই ধাতুরই আদেশ হয় ঞির পরে অঙ্ পরে থাকিলে। ১৮২। ঞির পরে অঙ্ পরে থাকিলে স্বপ্ ধাতুর স্তি হয় (ব=উ)। ১৮৩। ঞি পরে থাকিলে শো, ছো, সো, হ্বে, ব্যে, বে এবং পা ধাতুর স্থানে যন্ হয়। ১৮৪। ঞির পরে অঙ্ পরে থাকিলে বিকল্পে পিব ধাতুর স্থানে পীপ্য আদেশ হয়। ১৮৫। ঞি পরে থাকিলে হ্রী, ব্লী, রী, ক্নূ, ক্ষ্ম, ক্ষ্মাও আকারান্ত ধাতু স্থানে পন্ হয়। ১৮৬। ঞির পরে অঙ্ পরে থাকিলে স্থা ধাতুর উঙের স্থানে ইকার হয়। ১৮৭। ঞির পরে অঙ্ পরে থাকিলে ভ্রা ধাতুর উঙের স্থানে ইকার বিকল্পে হয়। ১৮৮।

ঞি পরে থাকিলে অদাদিগণীয় পা ধাতু এবং স্ফায়্ ধাতুর স্থানে যথাক্রমে লন ও বঙ্ আদেশ হয়। ৭৮৯। ঞি পরে থাকিলে প্রী ও ধূঞ্ ধাতুর স্থানে নন্ বিকল্পে হয়। ৭৯০। ঞি পরে থাকিলে রুহ্ ধাতুর স্থানে পঙ্ বিকল্পে হয়। ৭৯১। ঞি পরে থাকিলে গতিভিন্ন অর্থে শদ্ ধাতুর স্থানে তঙ্ হয়। ৭৯২। ঞি পরে থাকিলে লা ও লী ধাতুর স্থানে যথাক্রমে লন্ ও নন্ হয়, যদি স্নেহ বস্তুর বিগলন বুঝায়। ৭৯৩। কম্পন অর্থে 'বা' ধাতুর জন্ হয় ঞি পরে থাকিলে। ৭৯৪। ঞি পরে থাকিলে ক্রী, জী ও ইঙ্ ধাতুর অচ্ এর স্থানে আ হয়; কিন্তু চি, স্ফুর্ ও প্রজননার্থক বী ধাতুর অচের আ বিকল্পে হয়। ৭৯৫। ধাতুর অর্থ যদি কর্ত্তা হইতে উৎপন্ন হয়, তবে স্মি ও ভী ধাতুর অচের স্থানে আ হয়, ঞি পরে থাকিলে এবং ধাতু আত্মনেপদী হয়। ৭৯৬। পূর্ব্বোক্ত অর্থে ভী ধাতুর স্থানে ভীষ্ বিকল্পে হয় ঞি পরে থাকিলে। ৭৯৭। ঞি পরে থাকিলে দূষি ধাতুর ওকারের স্থানে উকার হয়। ৭৯৮। চিত্তের বিকার বুঝাইলে উক্ত উকার বিকল্পে হয়। ৭৯৯। ঘটাদিগণীয় ধাতু, জন, জৄ, ক্নস্, রন্জ, অনন্ত ধাতু এবং মারণাদ্যর্থক জ্ঞা ধাতুর হ্রস্ব হয় ঞি পরে থাকিলে; ঞির পরে ইণ ও ণম্ থাকিলে দীর্ঘও হয়, জাগৃ ধাতুরও হ্রস্ব ও দীর্ঘ উভয়ই হয়। ৮০০। ঞি পরে থাকিলে জ্বল, হ্বল, হ্মল, গ্লা, স্না, বন, বম ও নম ধাতুর বিকল্পে হ্রস্ব হয় উপসর্গের পর না থাকিলে। ৮০১। ঞি পরে থাকিলে শম, যম, ফণ ও উপসর্গপূর্ব্বক স্খদ ধাতুর হ্রস্ব হয় বিকল্পে। ৮০২। ঞিৎ ও ণিৎ প্রত্যয় পরে থাকিলে হন্ ধাতুর স্থানে তঙ্ হয়, যদি ণপ্ ও ইণ্ পরে না থাকে। ৮০৩। দ্বিত্বের নিমিত্ত থাকিলে ঈর্ষ্য ধাতুর যিরই দ্বিত্ব হয়। কিন্তু সন পরে থাকিলে সন্ ও যি উভয়েরই বিকল্পে দ্বিত্ব হয়। ঞ্যন্ত পাদ সমাপ্ত।

সনন্ত পাদ। ৮০৪। ইচ্ছার্থে ধাতুর উত্তর সন্ হয়। ৮০৫। অনিম্ সন্ পরে অনিম্ থাকিলে পূর্ব্ব ইঙের গুণ হয় না। ৮০৬। সন্ পরে থাকিলে অজন্ত, হন্ এবং ইঙ্ এর স্থানে জাত গম ধাতু দীর্ঘ হয়।

সন্ পরে থাকিলে ইন্ ও ইঙ্ ধাতুর স্থানে গম্ আদেশ হয়। ৮০৮। উবর্ণান্ত, গুহ ও গ্রহ্ ধাতুর পরস্থিত সন্ এর ইম্ হয় না। ৮০৯। সন্ পরে থাকিলে গ্রহ্, স্বপ্ ও প্রচ্ছ্ ধাতুর জি হয়। ৮১০। (স্মিঙ, পূঙ, ঋ, অন্জ, অশ্ স্বাদি), কৃ, গৃ, দৃ, ধৃ (তুদাদি) এবং প্রচ্ছ ধাতুর পরস্থিত সন্ এর স্থানে ইম্ হয়। ৮১১। ভ্রস্জ, শ্রি, স্বৃ, যু, উর্ণু, ভৃ, (ভ্বাদি), দরিদ্রা, সন, তন, পত, জ্ঞপ্, ঋধ্, দন্ভ ও ইবন্ত ধাতুর পরস্থিত সন্ এর স্থানে ইম্ বিকল্পে হয়। ৮১২। মি, মী, মা, দা, রভ্, লভ্, শক্, পত্, পদ্ এবং হিংসার্থক রাধ্—এই ধাতুগুলির অচ্ এর স্থানে ইস্ ও খির লোপ হয় অনিম্ সন্ পরে থাকিলে। ৮১৩। জপ, ঋধ্ ও আপ্ ধাতুর অচ্ এর স্থানে যথাক্রমে ই, ঈর ও ঈ হয় অনিম্ সন্ পরে থাকিলে। ৮১৪। অনিম্ সন্ পরে থাকিলে দন্ভ ধাতুর অচ্ এর স্থানে ই ও ঈ হয়। ৮১৫। অগুণ ঞস্ ও ক্বিপ্ পরে থাকিলে ছকারের স্থানে শকার এবং বকারের উট্ হয়, কিন্তু যঙ্ লুক্ ও ব পরে থাকিলে শ ও উট্ বিকল্পে হয়। ৮১৬। সন্ পরে থাকলে দ্বিরুক্ত মুচ্ ধাতুর স্থানে বিকল্পে মোচ্ আদেশ হয়। ৮১৭। সন্ পরে থাকিলে খির উবর্ণের পরে যদি জকার, যল্ ও পবর্গ থাকে এবং উহাদের পরে যদি অবর্ণ থাকে, তবে উবর্ণের স্থানে ইকার হয়। ৮১৮। সন্ পরে থাকিলে শ্রু, স্রু, স্নু, দ্রু, প্রু, প্লু ও চ্যুঙ্ ধাতুর উবর্ণের স্থানে ইকার বিকল্পে হয়। ৮১৯। বকারান্ত ভিন্ন, ইকার ও উকার যাহার উঙে আছে, এমন সেম্‌হসাদি ধাতুর পরস্থিত সন্ ও ক্তাচ্ প্রত্যয়ের বিকল্পে কিৎ সংজ্ঞা হয়; কিন্তু রুদ, বিদ্ ও মুষ্ ধাতুর উত্তর উহাদের নিত্যই কিৎ সংজ্ঞা হয়। ৮২০। যে সন্ এর ষত্ব হইয়াছে, সেইরূপ সন্ পরে থাকিলে খির পরস্থিত ঞ্যন্ত ও স্ত ধাতুর সকারেরই ষত্ব হয়; অন্যের হয় না। কিন্তু স্বিদ্, সদ্ ও সহ্ ধাতু ঞ্যন্ত হইলেও উহাদের সকারের ষত্ব হয় না। সনন্ত পাদ সমাপ্ত।

তৃতীয় পাদ—যঙন্তপাদ। ৮২১। মূত্র, সূত্র, সূচ, অশ্, ঋ, উর্ণু এবং শুভ, ও রুচ ভিন্ন হসাদি একাচ্ ধাতুর উত্তর পৌনঃপুন্য ও ভৃশার্থে যঙ্ প্রত্যয়; যঙ্ এর

ঙ ইৎ হওয়ায় যঙন্ত ধাতু আত্মনেপদী হয়। ৮২২। গত্যর্থক ধাতুর উত্তর বক্রার্থে এবং গৄ, লুপ্, সদ্, চর্, জপ্, জভ্, দনশ ও দহ, ধাতুর নিন্দার্থে যঙ হয়। ৮২৩। যঙ্ পরে থাকিলে ধাতুর খির গুণ হয়। ৮২৪। নকার যাহার ইৎ হয় নাই এমন খির দীর্ঘ হয় যঙ্ পরে থাকিলে। ৮২৫। যঙ্ পরে থাকিলে গৄ ধাতুর রকারের স্থানে ল হয়। ৮২৬। যঙ্ পরে থাকিলে কৃ ধাতুর খির স্থানে চু আদেশ বিকল্পে হয়। ৮২৭। যঙ্ পরে থাকিলে বঞ্চ্, স্রন্স ধ্বন্স, ভ্রংশ্, কস্, পত্, পদ্ ও স্কন্দ্ ধাতুর খির স্থানে নীন্ হয়। ৮২৮। ঞমন্ত এবং জপ, জভ, দহ, দন্শ, ভন্জ, পশ, শপ ও অকারান্ত ধাতুর খির স্থানে মুন্ হয় এবং ল, য ও বকারান্ত ধাতুর খির স্থানে মুন্ বিকল্পে হয়। ৮২৯। যঙ্ পরে থাকিলে হন্ ধাতুর স্থানে ঘ্নী আদেশ বিকল্পে হয়। ৮৩০। যঙ্ পরে থাকিলে চর ও ফল ধাতুর খির স্থানে মুন্ এবং উঙের স্থানে উকার হয়, কিন্তু উকারের গুণ হয় না। ৮৩১। ঋকার বিশিষ্ট ধাতুর খির স্থানে রীন্ হয়। ৮৩২। ব্যে, স্বপ্ ও স্যম্ ধাতুর জি হয় যঙ্ পরে থাকিলে। ৮৩৩। যঙ্ পরে থাকিলে বশ্ ধাতুর জি হয় না। ৮৩৪। যঙ্ পরে থাকিলে চায় ধাতুর স্থানে কী আদেশ হয়। ৮৩৫। ঘ্রা ও ধ্মা ধাতুর স্থানে ঙী আদেশ হয় যঙ্ পরে থাকিলে। ৮৩৬। অগুণ যকার পরে থাকিলে শীঙ্ ধাতুর স্থানে শয্ আদেশ হয়। যঙ্লুক্। ৮৩৭। ধাতুর পরস্থিত যঙ্ এর বিকল্পে লুক্ হয়; লুক্ হইলে শপ্ এরও লুক্ হয় এবং যঙ্ লুগন্ত ধাতু পরস্মৈপদী হয়। উহার দ্বিত্ব এবং খির স্থানে বিহিত গুণাদি কার্য্য অক্ষুণ্ণই থাকে। ধাতু বিশেষকে উদ্দেশ্য করিয়া বিহিত কার্য্যগুলি বিকল্পে হয়। অন্ প্রত্যয় পরে থাকিলে যঙ এর নিত্যই লুক্ হয়; কিন্তু অন্ পরে থাকিলেও উকারান্ত ধাতুর উত্তর যঙ্ এর লুক্ হয় না। ৮৩৮। যঙ্ এর লুক্ হইলে হাক্ ধাতুর খির দীর্ঘ হয় না। ৮৩৯। যঙ্ লুক্ হইলে দন্শ্ ধাতুর নকারের বিকল্পে লোপ হয়। ৮৪০। যঙ্ লুক্ হইলে ধাতুর স্থানে বিহিত জি হয় না। ৮৪১। যঙ্ লুক্ হইলে খির স্থানে আদিষ্ট রীন্ এর রিন্ ও রন্ হয় বিকল্পে। ৮৪২। রভিন্ন প্রত্যয়

পরে থাকিলে যদি যঙ্ ও ক্য এর লোপ হয়, তবে ধাতুর বা খির স্থানে বিহিত গুণও বৃদ্ধি হয় না। যঙন্ত পাদ সমাপ্ত।

চতুর্থ পাদ—লিধু। ৮৪৩। নিজের ইচ্ছা বুঝাইলে লিঙ্গের উত্তর কাম্যক্ প্রত্যয় হয়। ৮৪৪। মকারান্ত অব্যয় ভিন্ন লিঙ্গের উত্তর ক্যপ্রত্যয় ও অবর্ণের স্থানে ঈ হয় স্বেচ্ছা বুঝাইলে। ক্য এর ক্ ইৎ, য থাকে। ৮৪৫। ক্য ও ঙ্য প্রত্যয় পরে থাকিলে নকারের লোপ হয়। ৮৪৬। রভিন্ন প্রত্যয় পরে থাকিলে হসন্ত ধাতুর পরস্থিত ক্য ও ঙ্য এর বিকল্পে লোপ হয়। ৮৪৭। গ্রহণার্থে ধন শব্দের উত্তর ঙা, পানার্থে উদক শব্দের উত্তর ডনঙ্, অন্নার্থে অশন শব্দের উত্তর ঙা, স্বার্থ কাম্য হইলে লিঙ্গের উত্তর সন্ ও অসন্ উভয়ই হয় ক্য পরে থাকিলে ; কিন্তু উহাদের সকারের স্থানে যত্ব হয় না। ৮৪৮। কর্ম্ম ও অধিকরণ উপমানের উত্তর আচরণার্থে ক্য প্রত্যয় হয়। ৮৪৯। কর্ত্তা উপমানের উত্তর আচরণার্থে ঙ্য ও ক্বি প্রত্যয় হয় ; ঙ্য ও ক্বি পরে থকিলে সকারের বিকল্পে লোপ হয় ; গল্‌ভ, ক্লীব ও হোড় শব্দের উত্তর ক্বি প্রত্যয় পরে থাকিলেও আত্মনেপদ হয়। ৮৫০। চ্ব্যর্থে ভৃশাদির উত্তর ঙ্য ও ক্বি বিকল্পে হয়, এবং ত্ ও স্ এর লোপ হয়। ৮৫১ ডাচ্ প্রত্যয়ান্ত ও লোহিতাদি শব্দের উত্তর ঙ্য ও ক্বি হয় এবং ঙ্য পরে থাকিলেও উহাদের পরস্মৈপদ হয়। ৮৫২। কৃতি অর্থে শব্দাদির, অনুভবার্থে সুখাদির এবং পাপার্থে প্রবৃত্তি এইরূপ অর্থে কষ্টাদি শব্দের উত্তর ঙ্য হয়। ৮৫৩। উর্দ্ধে উদ্‌গিরণ অর্থে বাষ্প, উষ্ম, ফেন ও ধূম শব্দের উত্তর ঙ্য প্রত্যয় হয়। ৮৫৪। উদ্‌গিরণ পূর্ব্বক চর্ব্বণ অর্থে রোমন্থ শব্দের উত্তর ঙ্য হয়। ৮৫৫। কৃতি অর্থে নমস্, তপস্, বরিবস্ ও কণ্ড্বাদি শব্দের উত্তর ক্য প্রত্যয় হয়। ৮৫৬। কৃতি ও আখ্যান বা গল্প করা অর্থে লিঙ্গের উত্তর ঞি প্রত্যয় হয়। ৮৫৭। ঞি পরে থাকিলে শ্বেতাশ্ব, অশ্বতর, গালোড়িত ও আহ্বরক শব্দের যথাক্রমে অশ্ব, তর, ত ও ক এর লোপ হয়। ৮৫৮। ঞি পরে থাকিলে সত্য, অর্থ, বেদ এবং একাচ্ অকারান্ত শব্দের স্থান নাপ্ হয়, ন ইৎ। ৮৫৯। কল্যাদি শব্দের উত্তর অর্থ বিশেষে ঞি হয়। অর্থ বিশেষ

মূলে দ্রষ্টব্য। ৮৬০। নাম ধাতুর ইচ্ছামত প্রথমাদি যে কোন বর্ণের অথবা যুগপৎ সকল বর্ণের দ্বিত্ব করা যায়; কিন্তু কণ্ড্বাদির তৃতীয় বর্ণেরই এবং অজাদির আদিভিন্ন বর্ণেরই দ্বিত্ব হয়।

প্রথম পাদ—পম্। ৮৬১। পরা ও অনুপূর্ব্বক কৃ, প্রতি, অভি, অতিপূর্ব্বক ক্ষিপ্, প্রপূর্ব্বক বহ্, পরি পূর্ব্বক মৃষ্ এবং বি, আঙ্ ও পরি পূর্ব্বক রম্ ধাতুর উত্তর পরস্মৈপদ প্রত্যয় হয়। ৮৬২। কম্পার্থক, ভোজনার্থক, ইঙ্, বুধ, যুধ্, প্রু, দ্রু, স্রু, জন্ ও নশ্ ধাতু এবং অঞ্যন্ত প্রাণিকর্তৃক অকর্ম্মক ধাতুর ঞ্যন্ত অবস্থায় পরস্মৈপদ হয়।

দ্বিতীয় পাদ—মম্। ৮৬৩।—বি ও পরাপূর্ব্বক জি, পরি, বি ও অবপূর্ব্বক ক্রী, নিপূর্ব্বক বিশ্ এবং আঙপূর্ব্বক স্রু ও প্রচ্ছ ধাতুর আত্মনেপদ হয়। ৮৬৪। নিজ অঙ্গের প্রসারণ না বুঝাইলে আঙ্ পূর্ব্বক দাঞ্ ধাতুর আত্মনেপদ হয়। ৮৬৫। ক্ষান্তি অর্থাৎ অপেক্ষা অর্থে আঙ্ পূর্ব্বক গম ধাতুর আত্মনেপদ হয়। ৮৬৬। পরি, অনু, অব ও আঙ্ পূর্ব্বক ক্রীড় ধাতুর আত্মনেপদ হয়। ৮৬৭। কূজন ভিন্ন অর্থে সম্পূর্ব্বক ক্রীড় ধাতুর আত্মনেপদ হয়। ৮৬৮। চতুষ্পাদ প্রাণী ও পক্ষী কর্ত্তা হইলে হর্ষপূর্ব্বক অন্ন ও বাসের ইচ্ছা বুঝাইতে অপপূর্ব্বক কৃ ধাতুর আত্মনেপদ হয় এবং উহার সুম্ আগম হয়। ৮৬৯। শপ্ নাথ্ ও হৃঞ ধাতুর যথাক্রমে শপথ, প্রার্থনা ও গতি অর্থে আত্মনেপদ হয়। ৮৭০। প্রতিজ্ঞা, নির্ণয় ও প্রকাশ অর্থে সম্, প্র, বি ও অবপূর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। ৮৭১। ঊর্দ্ধ চেষ্টা না বুঝাইলে উৎপূর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। ৮৭২। মন্ত্রকরণক উপাসনা অর্থে উপপূর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। ৮৭৩। মৈত্রী, পথ, আসঙ্গ ও আরাধনা বুঝাইলে উপ-পূর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। ৮৭৪। লিপ্সা অর্থে উহার আত্মনেপদ বিকল্পে হয়। ৮৭৫। অকর্ম্মক উপপূর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। ৮৭৬। সম্পূর্ব্বক গম্, ঋচ্ছ, প্রচ্ছ, স্বৃ, শ্রু, বিদ, ঋ ও দৃশ্ ধাতুর আত্মনেপদ

হয়। ৮৭৭। কর্ম বিদ্যমান থাকুক বা নাই থাকুক উপসর্গের পরস্থিত দিবাদিগণীয় অস্ ও উহ্ ধাতুর আত্মনেপদ হয়। ৮৭৮। অগুণ যকার পরে থাকিলে উপসর্গের পরস্থিত উহ্ ধাতুর হ্রস্ব হয়। ৮৭৯। নিজ অঙ্গ যদি কর্ম্ম হয় অথবা অকর্ম্মকও যদি হয়, তাহা হইলে আঙ্ পূর্ব্বক হন্ ও যম্ ধাতুর আত্মনেপদ হয়। ৮৮০। হন্ ধাতুর পরস্থিত সির কিৎ সংজ্ঞা হয়। ৮৮১। সূচনার্থে যম্ ধাতুর নিত্যই আত্মনেপদ হয়; কিন্তু বিবাহার্থে উহার বিকল্পে আত্মনেপদ হয়। ৮৮২। নিজ অঙ্গ কর্ম্ম হইলে অথবা অকর্ম্মক হইলে বি ও উৎ পূর্ব্বক তপ ধাতুর আত্মনেপদ হয়। ৮৮৩। তপস শব্দ যদি কর্ম্ম হয় তবে তপ্ ধাতুর উত্তর যক্ এবং আত্মনেপদ হয় র পরে থাকিলে। ৮৮৪। যদি শ্রদ্ধালু কর্ত্তা হয়, তবে সৃজ ধাতুর আত্মনেপদ হয় এবং তন্ পরে থাকিলে উহার উত্তর ইণ্ হয়। ৮৮৫। নি, সম্, বি ও উপপূর্ব্বক হ্বেঞ্ ধাতুর আত্মনেপদ হয়। ৮৮৬। স্পর্দ্ধা বুঝাইলে আঙ্ পূর্ব্বক হ্বেঞ্ ধাতুর আত্মনেপদ হয়। ৮৮৭। সূচনা, অবক্ষেপণ অর্থাৎ তিরস্কার, সেবা সাহস, প্রতিযত্ন অর্থাৎ গুণান্তরাধান, কথকতা এবং উপযোগ অর্থাৎ বিনিময়-এই সকল অর্থে কৃঞ্ ধাতুর আত্মনেপদ হয়। ৮৮৮। শক্তি অর্থে অধিপূর্ব্বক কৃঞ ধাতুর আত্মনেপদ হয়। ৮৮৯। শব্দ কর্ম্ম হইলে অথবা অকর্ম্মক হইলে বিপূর্ব্বক কৃঞ এর আত্মনেপদ হয়। ৮৯০। জ্ঞান, অর্চ্চনা, উৎক্ষেপণ (ছুড়িয়া ফেলা) উপনয়ন, বেতন দেওয়া, বিগণন ও ব্যয় অর্থে নীঞ্ ধাতুর আত্মনেপদ হয়। ৮৯১। কর্ত্তাতে অবস্থিত অমূর্ত্ত বস্তুই যদি কর্ম্ম হয়, তবে নীঞ্ এর আত্মনেপদ হয়। ৮৯২। বৃত্তি, উৎসাহ ও বিস্তার অর্থে এবং পরা ও উপ পূর্বে থাকিলে ক্রম্ ধাতুর আত্মনেপদ হয়। ৮৯৩। আকাশে উত্থান বুঝাইলে আঙ্ পূর্ব্বক ক্রম্ এর আত্মনেপদ হয়। ৮৯৪। পায়ের দ্বারা চলা বুঝাইলে বিপূর্ব্বক ক্রম্ এর আত্মনেপদ হয়। ৮৯৫। আরম্ভার্থে প্র ও উপপূর্ব্বক ক্রম্ এর আত্মনেপদ হয়। ৮৯৬। উপসর্গ শূন্য ক্রম্ ধাতুর বিকল্পে আত্মনেপদ হয়। ৮৯৭। অস্বীকার অর্থে জ্ঞা ধাতুর আত্মনেপদ হয়। ৮৯৮।

অকর্ম্মক জ্ঞা ধাতুর আত্মনেপদ হয়। ৮৯৯। স্মৃতি ভিন্ন অর্থে সম্ ও প্রতি-পূর্ব্বক জ্ঞা ধাতুর আত্মনেপদ হয়। ৯০০। অঞ্যন্ত অবস্থার কর্ম্ম যদি ঞ্যন্ত অবস্থায় কর্ত্তা হয়, তাহা হইলে ঞ্যন্ত সকল ধাতুরই আত্মনেপদ হয়। ৯০১। জ্ঞান, যত্ন ও প্রলোভন অর্থে বদ্ ধাতুর আত্মনেপদ হয়। ৯০২। অকর্ম্মক হইলে অনুপূর্ব্বক বদ ধাতুর আত্মনেপদ হয়। ৯০৩। যদি বৈমত্য বুঝায় অথবা একসঙ্গে অনেকে কথা বলিতেছে বুঝায় তাহা হইলে বদ ধাতুর আত্মনেপদ হয়। ৯০৪। যদি একসঙ্গে বৈমত্য পূর্ব্বক অনেকের কথা বুঝায়, তবে বদ্ ধাতুর আত্মনেপদ বিকল্পে হয়। ৯০৫। অবপূর্ব্বক গৄ (তুদাদিগণীয়) ধাতুর আত্মনেপদ হয়। ৯০৬। প্রতিজ্ঞা অর্থে সম্ পূর্ব্বক গৄ ধাতুর আত্মনেপদ হয়। ৯০৭। কর্ম্মের সহিত বর্ত্তমান উৎপূর্ব্বক চর ধাতুর আত্মনেপদ হয়। ৯০৮। করণার্থক তৃতীয়া বিভক্ত্যন্ত শব্দের যোগে চর্ ধাতুর আত্মনেপদ হয়। ৯০৯। যদি তৃতীয়া চতুর্থীর অর্থে প্রযুক্ত হয় তবে সেইরূপ তৃতীয়ান্ত শব্দের যোগে দা(ন) ধাতুর আত্মনেপদ হয়। ৯১০। বিবাহার্থে উপপূর্ব্বক যম্ ধাতুর আত্মনেপদ হয়। ৯১১। ভোজন অর্থে ভুজ্ ধাতুর আত্মনেপদ হয়। ৯১২। সম্পূর্ব্বক ক্ষ্ণু ধাতুর আত্মনেপদ হয়। ৯১৩। যজ্ঞপাত্র না বুঝাইলে উৎপূর্ব্বক ও উপসর্গের অচ্ এর পরস্থিত যুজির্ ধাতুর আত্মনেপদ হয়। ৯১৪। প্রতারণা অর্থে বঞ্চি ও গর্দ্ধি ধাতুর আত্মনেপদ হয়। ৯১৫। পূজা, অভিভব ও বঞ্চনা বুঝাইলে লাপি ধাতুর আত্মনেপদ হয়। ৯১৬। মিথ্যাশব্দের পরস্থিত কারি ধাতুর অভ্যাস অর্থে আত্মনেপদ হয়। ৯১৭। যদি পারস্পরিক ক্রিয়া না বুঝায় তবে ব্যতিহার অর্থে গত্যর্থক, হিংসার্থক, শব্দার্থক এবং হাস্যার্থ ভিন্ন হৃ ও বহ্ ধাতুর আত্মনেপদ হয়। ৯১৮। একার পরে থাকিলে অস্ ধাতুর তকারের স্থানে হকার হয়। ৯১৯। স্মৃ, দৃশ্, অনু পূর্ব্বক নহে এমন জ্ঞা ধাতু এবং আঙ্ ও প্রতিপূর্ব্বক ভিন্ন শ্রু ধাতু— ইহারা সনন্ত হইলে ইহাদের আত্মনেপদ হয়। ৯২০। ঞিৎ ধাত এবং ঞ্যন্ত পানার্থক পা ও ধেট্ ধাতু এবং নৃৎ, বদ্, বস্, দম, রুচ্, অদ্,

পরিপূর্ব্বক মৃহ্, আঙ্ পূর্ব্বক যম্ ও যস্, উপসর্গরহিত জ্ঞা, অপপূর্ব্বক বদ, গ্রন্থার্থ ভিন্ন আঙ, সম্ ও উৎপূর্ব্বক যম্ ধাতুর আত্মনেপদ হয়, যদি উহাদের কর্ত্তা স্বয়ং কর্ম্মের ফলভাগী হয়।

তৃতীয়পাদ—ঢভাব। ৯২১। কর্ম্ম ও ভাববাচ্যে ধাতুর উত্তর আত্মনেপদ হয়। ৯২২। কর্ম্মও ভাববাচ্যে রসংজ্ঞক প্রত্যয় পরে থাকিলে যক্ ও তন্ পরে থাকিলে ইণ্ হয়। ৯২৩। হন্, গ্রহ, দৃশ্ ও অজন্ত ধাতুর পরস্থিত সি, ডি, টী, তী ও থীর স্থানে বিকল্পে মিণ্ হয়। ৯২৪। অনুতাপ অর্থে তপ্ ধাতুর উত্তর তন্ পরে থাকিলেও ইণ্ হয় না। ৯২৫। ঞিৎ ও ণিৎ, কৃৎ প্রত্যয় ও ইণ্ পরে থাকিলে আকারান্ত ধাতুর স্থানে যন্ আদেশ হয়। ৯২৬। ভাববাচে ধাতুর উত্তর আত্মনেপদের একবচনের প্রয়োগ হয়। ৯২৭। ইণ্ ও ণম্ পরে থাকিলে ভন্‌জ্ ধাতু ও উপসর্গরহিত লভ ধাতুর উত্তর ইণ্ বিকল্পে হয়। ৯২৮। কর্ম্মই যেস্থলে কর্তৃত্ব প্রাপ্ত হয়, সেস্থলে উহাকে কর্ম্মকর্ত্তা বলে, এই কর্ম্মকর্ত্তা কর্ম্মের ন্যায় ব্যবহৃত হয়। এজন্য এইরূপ প্রবাদ আছে—ক্রিয়ার দ্বারা ব্যাপ্রিয়মাণ যে কর্ম্ম নিজের সহজাত গুণবশতঃ সহজেই সম্পন্ন হয়, তাহাকেই কর্ম্মকর্ত্তা বলে। ৯২৯। কর্ম্মকর্ত্তৃবাচ্যে রসংজ্ঞক প্রত্যয় পরে থাকিলে কুষি ও রন্‌জ ধাতুর উত্তর বিকল্পে শ্যন্ ও পরস্মৈপদ হয়। ৯৩০। কর্ম্মকর্ত্তৃবাচ্যে অজন্ত ও দুহ ধাতুর উত্তর ইণ্ বিকল্পে হয়। ৯৩১। তপ, রুধ এবং সকর্ম্মক পচ ও দুধ ধাতুর উত্তর ইণ্ হয় না, কর্ম্মকর্ত্তৃবাচ্যে। ৯৩২। কর্ম্মকর্ত্তৃবাচ্যে সনন্ত, শ্রন্থ, গ্রন্থ, ব্রূ, কৃ, গৃ, দুহ, নম ও ভূষার্থক ধাতুর উত্তর যক্, ইণ্ ও মিণ্ হয় না; কিন্তু ঞ্যন্ত স্নু শ্রি ও আত্মনেপদী অকর্ম্মক ধাতুর মিণ্ ভিন্ন ইন্ ও যক্ হয়। ৯৩৩। স্থাদিগণীয় ধাতু এবং ঞ্যন্ত অকর্ম্মক ও গত্যর্থকধাতু—ইহাদের কর্ম্মবাচ্যে মুখ্যকর্ম্ম উক্ত হয়, যাচাদিগণীয়ের গৌণকর্ম্ম এবং অন্তদ্বিকর্ম্মক ধাতুর যথেষ্টভাবে মুখ্য ও গৌণকর্ম্ম উক্ত হয়।

চতুর্থপাদ ক্তি। ৯৩৪। কী প্রভৃতি দশটী লকারের মধ্যে কী থী ও

গী বর্ত্তমান কালে ঘী, টী ও ঠী অতীতকালে এবং ডী, ঢী ও তী ভবিষ্যৎকালে প্রযুক্ত হয়। ৯৩৫। স্ম শব্দের যোগে অতীতে কীর প্রয়োগ হয়। ৯৩৬। যাবৎ ও পুরা শব্দের যোগে ভবিষ্যৎকালে কীর প্রয়োগ হয়। ৯৩৭। কদা ও কর্হি শব্দের যোগে ভবিষ্যৎকালে কী বিকল্পে হয়। ৯৩৮। ডতর, ডতম প্রত্যয়ান্ত ও বিভক্ত্যন্ত কিম্ শব্দের যোগে লিপ্সা অর্থে ভবিষ্যৎকালে কী বিকল্পে হয়। ৯৩৯। প্রার্থনীয় অন্ন প্রভৃতির দ্বারা স্বর্গাদির সিদ্ধি হইলে ভবিষ্যৎকালে কী বিকল্পে হয়। ৯৪০। লোটের প্রৈষ্য প্রভৃতি অর্থে এবং আশংসার্থে ভবিষ্যৎকালে বিকল্পে কী হয়। ৯৪১। নিন্দা বুঝাইলে জাতু ও অপি শব্দের যোগে সর্ব্বকালে নিত্যই কী হয়। ৯৪২। কথম্ শব্দের যোগে নিন্দার্থে কী ও খী উভয়ই বিকল্পে হয়। ৯৪৩। কতরকতমাদি শব্দের যোগে নিন্দার্থে খী ও তী হয়। ৯৪৪। অশ্রদ্ধা ও অমর্ষ বুঝাইলে উক্ত কিম্ শব্দ ও অন্য শব্দের যোগে সর্ব্বকালে খী ও তী হয়। ৯৪৫। অশ্রদ্ধা ও অমর্ষ অর্থে কিং কিল ও অস্ত্যর্থক শব্দের যোগে সর্ব্বকালে তী হয়। ৯৪৬। অশ্রদ্ধা ও অমর্ষ বুঝাইলে জাতু, যদ্, যদা ও যদি শব্দের যোগে সর্ব্বকালে খী হয়। ৯৪৭। নিন্দা, আশ্চর্য্য, অশ্রদ্ধা ও অমর্ষ বুঝাইলে যচ্চ ও যত্র শব্দের যোগে সর্ব্বকালে খী হয়। ৯৪৮। যদি ভিন্ন শব্দের যোগে আশ্চর্য্য অর্থে সর্ব্বকালে তী হয়। ৯৪৯। অতিশয় অর্থে অপি ও উত শব্দের যোগে সর্ব্বকালে খী হয়। ৯৫০। প্রৌঢ়ি শব্দের অর্থ সামর্থ্য এবং সম্ভাবনা শব্দের অর্থ কার্য্য সম্পাদনে যোগ্যতার নিশ্চয়, সামর্থ বশতঃ কোন কার্য্য সম্পাদনে যোগ্যতার নিশ্চয় বুঝাইলে সর্ব্বকালেই খী হয়। ৯৫১। যদি যদ্ শব্দের প্রয়োগ না থাকে, তবে শ্রদ্ধার্থক শব্দের যোগে সর্ব্বকালেই বিকল্পে খী হয়। ৯৫২। কার্য্য ও কারণ বুঝাইলে ভবিষ্যৎকালে বিকল্পে খী হয়। ৯৫৩। কচ্চিৎ ভিন্ন শব্দের যোগে ইচ্ছার প্রকাশ বুঝাইলে ভবিষ্যৎকালে বিকল্পে খী হয়। ৯৫৪। ইচ্ছার্থ ধাতুর যোগে ইচ্ছার প্রকাশ বুঝাইলে সর্ব্বকালেই খী ও গী হয়। ৯৫৫। বিধি, নিমন্ত্রণ, আমন্ত্রণ, প্রেরণ, সম্যক্ প্রশ্ন, প্রার্থনা, আদেশ ও প্রাপ্তকাল বুঝাইলে

সর্ব্বকালেই ধাতুর উত্তর থী ও গী উভয়ই হয়। ২৫৬। সমর্থন ও আশীর্ব্বাদ বুঝাইলে সর্ব্বকালেই গী হয়। ২৫৭। আশীর্ব্বাদ অর্থে তু ও হির স্থানে তাতঙ্ আদেশ বিকল্পে হয়। ২৫৮। পৌনঃপুন্য ও অতিশয় অর্থে সর্ব্বকালেই লোটের হি, ত, স্ব ও ধ্ব বিভক্তির প্রয়োগ হয়। ২৫৯। মাস্ম শব্দের যোগে সর্ব্বকালেই ঘী ও টীর প্রয়োগ হয়। ২৬০। মাশব্দযোগে টী বিকল্পে হয়। ২৬১। আশীর্ব্বাদ বুঝাইলে সর্ব্বকালেই ধাতুর উত্তর ঢীর প্রয়োগ হয়। ২৬২। যদ্ শব্দের প্রয়োগ না থাকিলে স্মরণার্থক ধাতুর যোগে অতীতকালে তীর প্রয়োগ হয়। ২৬৩। প্রয়োকর্ত্তার স্মারণীয় বিষয় যদি সংখ্যায় অনেক হয়, তবে স্মরণার্থক ধাতুর যোগে অতীতকালে বিকল্পে তী হয়। ২৬৪। ধাত্বর্থের অনিষ্পত্তি বুঝাইলে সর্ব্বকালেই ধাতুর উত্তর থীর (লৃঙ্) প্রয়োগ হয়। ২৬৫। লিঙ্গ (যুষ্মদ্ অস্মদ্ ভিন্ন প্রথম পুরুষ) যুষ্মদ্ ও অস্মদ্ শব্দ কর্ত্তা বা কর্মরূপে প্রত্যয়ের বাচ্য হইলে ধাতুর উত্তর যথাক্রমে ১ম তিনটি (তিপ্, তস্, অন্তি প্রভৃতি)। ২য় তিনটী (সিপ্, থস্, থ প্রভৃতি) ও ৩য় তিনটী (মিপ্ বস্, মস্ প্রভৃতি) বিভক্তির প্রয়োগ হয়। ক্তি পাদ সমাপ্ত হইল।

কৃদন্তাধ্যায়—১ম পাদ ল্য। ২৬৬। কারক ও ভাববাচ্যে ধাতুর উত্তর বক্ষ্যমাণ কৃৎ প্রত্যয় হয়। ২৬৭। সমানাকার কৃপ্রত্যয় অপর কৃৎপ্রত্যয়ের দ্বারা বাধিত হয়। ২৬৬। কর্ম্ম ও ভাববাচ্যে তব্য, অনীয় ও য প্রত্যয় হয়। ২৬৯। অন্তর্ ও দুর্ভিন্ন উপসর্গের অচ্ এর পরস্থিত যকার, রেফ ও ঋবর্ণের পর অবস্থিত ধাতুর নকারের ণত্ব হয়; কিন্তু খ্যা, ভা, পুঞ্, কম্ গম্, প্যায়, বেপ, ও ইজাদিভিন্ন ইদিত ধাতুর নকারের ণত্ব হয় না; ঞ্যন্ত ও হসাদি ইজুঙ ধাতুর বিকল্পে ণত্ব হয়। ২৭০। খন্ ধাতু ও আদন্ত ধাতুর টির স্থানে একার হয় যকার পরে থাকিলে। ২৭১। অবশ্যম্ভাবার্থে উবর্ণান্ত ধাতুর উত্তর ঘ্যণ্ হয় কর্ম্মও ভাববাচ্যে। ২৭২। হসন্ত, ঋবর্ণান্ত, যু ও আঙ্পূর্ব্বক স্নু ধাতুর উত্তর কর্ম্ম ও ভাববাচ্যে ঘ্যণ্ হয়। ২৭৩। ণিৎ প্রত্যয় পরে থাকিলে চকার ও জকারের স্থানে যথাক্রমে ককার

ও গকার হয়, কিন্তু যাহার উত্তর ক্তপ্রত্যয়ের স্থানে ইম্ হয় এমন ধাতু, যজ্ঞাঙ্গ যজ ও গত্যর্থক বঞ্চ্ ধাতুর চ ও জ্-এর স্থানে ক্ ও গ হয় না। ৯৭৪। ঘ্যণ্ পরে থাকিলে আবশ্যকার্থে ত্যজ্, যজ ও প্রপূর্ব্বক বচ্ ধাতুর চ ও জ্ এর স্থানে ক ও গ্ হয় না। ৯৭৫। অন্নার্থে ভুজ্, শব্দভিন্নার্থে বচ্ এবং শক্যার্থে নি ও প্রপূর্ব্বক যজ্ ধাতুর চ্ ও জ্ এর স্থানে যথাক্রমে ক্ ও গ্ হয়। ৯৭৬। পায্য ধায্য প্রভৃতি শব্দ অর্থ বিশেষে নিপাতনে সিদ্ধ হয়। ৯৭৭। পবর্গান্ত, শক্, সহ্, তক, চত, যত্, ও শস ধাতুর উত্তর কর্ম্ম ও ভাববাচ্যে যপ্রত্যয় হয়; কিন্তু চম্, বপ্, রপ্ লপ্, ত্রপ ও দন্ভ্ ধাতুর উত্তর য হয় না; ভজ, জপ, যজ্ ও আঙ্ পূর্ব্বক নম্ ধাতুর উত্তর য বিকল্পে হয়। ৯৭৮। যকার পরে থাকিলে আঙ্ পূর্ব্বক লভ্ ধাতুর স্থানে মুণ্ হয়; মুণের উকার ও ণকার ইৎ। ৯৭৯। স্তুতি অর্থে উপপূর্ব্বক লভ ধাতুর স্থানে মুণ্ হয়। ৯৮০। উপসর্গরহিত গদ, মদ, যম, চর ও আঙ্ পূর্ব্বক চর ধাতুর উত্তর য হয়। ৯৮১। পণ্য, অবদ্য প্রভৃতি যান্ত শব্দগুলি অর্থবিশেষে নিপাতনে সিদ্ধ হয়। বৃত্তি দ্রষ্টব্য। ৯৮২। কর্ম্ম ও ভাববাচ্যে দৃ. ভৃ, জুষ্, স্তু, ইন্, শাস, ঋদুঙ্ ও বৃঞ্ ধাতুর উত্তর ক্যপ্ হয়; কিন্তু ক্লপ্, চৃৎ, ঋচ্, পাণিসৃজ্ এবং সম্ ও অব পূর্ব্বক সৃজ্ ধাতুর উত্তর ক্যপ্ হয় না। ৯৮৩। পিৎপ্রত্যয় পরে থাকিলে হ্রস্বের স্থানে তন্ হয়। ৯৮৪। কৃ, বৃষ, মৃজ্, গুহ্, দুহ্, শন্স, সম্পূর্ব্বক ভৃ এবং প্রতি ও অপি পূর্ব্বক গ্রহ্ ধাতুর উত্তর ক্যপ্ বিকল্পে হয়। ৯৮৫। গৃহ্য, বিনীয় প্রভৃতি ক্যবন্ত শব্দ অর্থ বিশেষে নিপাতনে সিদ্ধ হয়। ৯৮৬। লিঙ্গের পরস্থিত বদ্ ধাতুর উত্তর ক্যপ্ ও য প্রত্যয় হয়। ৯৮৭। মৃষা শব্দের পরস্থিত বদ ধাতুর উত্তর ক্যপ্ নিত্যই হয়। ৯৮৮। ভাববাচ্যে ভূ ও হন্ ধাতুর উত্তর ক্যপ্ হয় এবং হনের নকারের স্থানে তকার হয়। ৯৮৯। কর্ম্মকর্ত্তৃবাচ্যে ধাতুর উত্তর কেলিম প্রত্যয় হয়; ককার ইৎ। ৯৯০। তব্য, অনীয়, য, ঘ্যণ্, ক্যপ্ ও কেলিম—এই প্রত্যয়গুলির ল্যসংজ্ঞা হয়। শক্য, অর্হ্য, প্রেষ্য, অনুজ্ঞা ও প্রাপ্তকাল অর্থে ইহাদের বিকল্পে প্রয়োগ হয়। ল্য পাদ সমাপ্ত।

দ্বিতীয়পাদ তৃণাদি। ৯৯১। কর্ত্তৃবাচ্যে ধাতুর উত্তর তৃণ্ ও ণক প্রত্যয় হয়। ৯৯২। গলেচোপক ও পাদহারক শব্দ দুইটী নিপাতনে ণক প্রত্যয়ের দ্বারা সিদ্ধ হয়। ৯৯৩। আত্মনেপদযোগ্য ক্রম্ ধাতুর পরস্থিত তৃন্ এর স্থানে ইম্ হয় না। ৯৯৪। কর্ত্তৃবাচ্যে গ্রহাদির উত্তর ণিন্, নন্দ্যাদির উত্তর অন এবং পচাদির উত্তর অন্ প্রত্যয় হয়। ৯৯৫। চিক্লিদ প্রভৃতি শব্দগুলি বিকল্পে নিপাতনে সিদ্ধ হয়, পক্ষে ক্লেদ প্রভৃতি রূপ হইবে। ৯৯৬। ক্বং প্রত্যয় পরে থাকিলে রাত্রি শব্দের স্থানে মন্ হয় বিকল্পে; মন্ এর ন্ ইৎ। ৯৯৭। কর্ত্তৃবাচ্যে কৃ, গৄ, জ্ঞা, প্রী ও ইজুঙ্ ধাতুগুলির উত্তর কপ্রত্যয় হয়। কপ্রত্যয় পরে থাকিলে হ্বৃ ধাতুর স্থানে ঘঙ্ হয়, ঘঙের ঙ ইৎ। ৯৯৮। হন্, জন্, আকারান্ত ও গমাদি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ড প্রত্যয় হয়। ৯৯৯। ধেট্, দৃশ্, পা, ঘ্রা ও ধ্মা ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে শ হয়। ১০০০। উপসর্গরহিত সাহি, সাতি, চেতি, বেদি, এজি, ধারি, পারি, লিম্প ও বিন্দ ধাতুর উত্তর শ হয় কর্ত্তৃবাচ্যে। ১০০১। দ্রু, নী, ভূ, জ্বলাদি, আপূর্ব্বক স্রু, ও সম্পূর্ব্বক স্রু ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণ হয় বিকল্পে। ১০০২। শ্বস্, ব্যধ্ ইন্, তন্, দা এবং অবপূর্ব্বক হৃ ও সো ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণ প্রত্যয় হয়। ১০০৩। কর্ত্তৃবাচ্যে নৃৎ, খন্ ও রনূজ ধাতুর উত্তর ষক প্রত্যয় হয়। ১০০৪। কর্ত্তৃবাচ্যে গৈ ধাতুর উত্তর ণনট্ ও থক প্রত্যয় হয়। ১০০৫। হায়ন শব্দটি বর্ষ ও ব্রীহি অর্থে নিপাতনে সিদ্ধ হয়। ১০০৬। প্রু, স্রু স্রু ও লূ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অকপ্রত্যয় হয়। ১০০৭। আশীর্ব্বাদ অর্থে অক প্রত্যয় হয়। ১০০৮। আশীর্ব্বাদ অর্থে ধাতুর উত্তর অন্ত আরও প্রত্যয়; কিন্তু তিক্ প্রত্যয় সংজ্ঞা অর্থে হয়। ১০০৯। সতি ও সাতি শব্দদ্বয় বিকল্পে নিপাতনে সিদ্ধ হয়। ১০১০। কর্ম্মের পরস্থিত ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ষণ্ প্রত্যয় হয়। ১০১১। কর্ম্মের পরস্থিত হন্, চর্ ও গৈ ধাতুর উত্তর টক্ হয় কর্ত্তৃবাচ্যে। ১০১২। কর্ম্মের পরস্থিত হৃ ও কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে টক্ হয়। ১০১৩।

কর্ত্তৃবাচ্যে শকৃৎ ও স্তম্ব শব্দের পরস্থিত কৃ ধাতু, দৃতি ও নাথ শব্দের পরস্থিত হৃ ধাতু, ফলে, রজস্ ও মল শব্দের পরস্থিত গ্রহ ধাতু এবং দেব ও বাত শব্দের পরস্থিত আপ্ ধাতুর উত্তর ই প্রত্যয় হয়। ১০১৪। কুক্ষি, আত্মন্ ও উদর শব্দের পরস্থিত ভৃ ধাতুর উত্তর খি প্রত্যয় হয়। ১০১৫। খিৎ প্রত্যয়ান্ত ধাতু পরে থাকিলে অব্যয়্ ভিন্ন অজন্ত শব্দ ও অরুষ্ শব্দের স্থানে মন্ ও হ্রস্ব হয়; কিন্তু একাচ্ ইজন্ত শব্দ দ্বিতীয়া বিভক্ত্যন্ত হয় খিৎ প্রত্যয় পরে থাকিলে। ১০১৬। কর্ম্মের পরস্থিত এজি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খশ্ প্রত্যয় হয়। ১০১৭। স্বার্থ ই যদি কর্ম্ম হয়, তবে উহার পরস্থিত দিবাদিগণীয় মন্ ধাতুর উত্তর খশ্ হয়। ১০১৮। মুঞ্জ, কুল, আস্য ও পুষ্প শব্দের পরস্থিত ধেট্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খশ্ হয়। ১০১৯। কর্ত্তৃবাচ্যে নাড়ী, শুনী, স্তন, কর, মুষ্টি, পাণি ও নাসিকা শব্দের পরস্থিত ধ্মা ধাতুর উত্তর খশ হয়। ১০২০। কর্ত্তৃবাচ্যে ঘটী, খারী ও বাতশব্দের পরস্থিত ধ্মা ধাতু, বিধু, অরুষ্ ও তিলশব্দের পরস্থিত তুদ ধাতু, অসূর্য্য ও উগ্রশব্দের পরস্থিত দৃশ্ ধাতু, ললাট শব্দের পরস্থিত তপ্ ধাতু এবং মিত, নখ ও পরিমাণবাচক উত্তর শব্দের পচ্ ধাতুর উত্তর খশ্ প্রত্যয় হয়। ১০২১। কূল শব্দের পরস্থিত উৎপূর্ব্বক রুজ ও বহ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খশ্ হয়। ১০২২। কর্ত্তৃবাচ্যে প্রিয় ও বশ শব্দের উত্তর বদ্ ধাতু, ভয়, ঋতি ও মেঘ শব্দের উত্তর কৃ ধাতু এবং সর্ব্ব, কূল, অভ্র ও করীষ শব্দের উত্তর, কষ্ ধাতুর উত্তর খপ্রত্যয় হয়। ১০২৩। ক্ষেম, প্রিয় ও মদ্র শব্দের পরস্থিত কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খ বিকল্পে হয়। ১০২৪। ভাববাচ্যে ও করণবাচ্যে আশিত শব্দের পরস্থিত ভূ ধাতুর উত্তর খ প্রত্যয় হয়। ১০২৫। সংজ্ঞা বুঝাইলে তৄ, ভৃ, বৃ, দৄ, জি, ধৃ, তপ্, যম্, দম্, লিহ্, গম্ সহ ও অজ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খ হয়। ১০২৬। শর্দ্ধং, জহ্ প্রভৃতি খান্ত শব্দ অর্থবিশেষে নিপাতনে সিদ্ধ হয়। ১০২৭। অভূততদ্ভাব অর্থে করণবাচ্যে নগ্ন, পলিত, প্রিয়, অন্ধ, স্থূল, সুভগ ও আঢ্য শব্দের পরস্থিত কৃ ধাতুর উত্তর খনুট্ হয়। ১০২৮। কর্ত্তৃবাচ্যে নগ্নাদি শব্দের পরস্থিত ভূ ধাতুর উত্তর খিষ্ণু ও খুকঞ্ প্রত্যয়

হয়। ১০২৯। কর্ম্মের পরস্থিত ভজ, বহ্ ও সহ ধাতুর উত্তর (কর্ত্তৃবাচ্যে) বিণ্ হয়, বিণের ব, ই ও ণ্ তিনেরই লোপ হয়। ১০৩০। অনড়ুহ্, শ্বেতবাহাদি বিণন্ত শব্দগুলি অর্থবিশেষে নিপাতনে সিদ্ধ হয়। ১০৩১। কর্ত্তৃবাচ্যে ক্রম্, গম্, খন্, সন্ ও জন্ ধাতুর উত্তর বিট্ প্রত্যয় হয়। ১০৩২। বিট্ ও বন্ পরে থাকিলে ধাতুর স্থানে ঙা হয়। ১০৩৩। কারক বাচ্যে ও ভাববাচ্যে ধাতুর উত্তর ত্র, অস্, উস্, ইস্, মন্, ক্বনিপ্, বন্িপ্, বিচ্ ও ক্বিপ্ প্রত্যয় হয়। ১০৩৪। কৃৎ প্রত্যয়ের হব্, ত্র, তকার ও তির স্থানে ইম্ হয় না। ১০৩৫। ত্র, মন্, ক্বিপ্, ইস্ ও ঘ প্রত্যয় পরে থাকিলে ছাদি ধাতুর হ্রস্ব হয়। ১০৩৬। দদৃৎ প্রভৃতি ক্বিবন্ত শব্দগুলি অর্থবিশেষে নিপাতনে সিদ্ধ হয়। ১০৩৭। ধাতুর অন্তস্থিত জির দীর্ঘ হয়। ক্বিপ্ পরে থাকিলে বে, ধ্যৈ ও পৈ্য ধাতুর স্থানে জাত জির দীর্ঘ হয়। অতএব ধ্যৈ ও পৈ্য ধাতুরও জি হয় ইহা বুঝা গেল। ১০৩৯। তিক্ ভিন্ন অগুণ ঝস্ পরে থাকিলে এমন্ত ধাতুর উঙের দীর্ঘ হয়। ১০৪০। অগুণ ঝস্ ও এম্ পরে থাকিলে শ্রিব্, অব্, মব্, জ্বর্ ও ত্বর্ ধাতুর উঙের সহিত বকারের স্থানে উট্ হয়। ১০৪১। রকারের পরস্থিত ছকার ও বকারের লোপ হয় অগুণ ঝস্ ও এম্ পরে থাকিলে। ১০৪২। অবর্ণের পরস্থিত উট্ এর স্থানে বৃদ্ধি হয়। ১০৪৩। ক্বিপ্ পরে থাকিলে যম্, মন্, তন্ ও গম্ ধাতুর অন্তের লোপ হয়। ১০৪৪। ক্বিবন্ত অঞ্চ্ ধাতু পরে থাকিলে সর্ব্বনাম শব্দ, বিষচ্ ও দেব শব্দের স্থানে অদ্রি আদেশ হয়। ১০৪৫। অমুমঞ্চতি এই অর্থে অমুদ্র্যচ্, অমুমুয়চ্ ও অদমুয়চ্ শব্দের নিপাতনে সিদ্ধি হয়। ১০৪৬। ক্বিবন্ত অঞ্চ্ ধাতু পরে থাকিলে সহ, সম্ ও তিরিস্ শব্দের স্থানে যথাক্রমে সধ্রি, সমি ও তিরি আদেশ হয়। ১০৪৭। ক্বিপ্ পরে থাকিলে বীরুহ্ এর স্থানে ধঙ্ হয়। ১০৪৮। ত্যদাদিগণীয় শব্দ ভবৎ, সমান ও অন্য স্বরূপ উপমানের পরস্থিত দৃশ্ ধাতুর উত্তর টক্, সক্ ও ক্বিপ্ হয় কর্ম্মবাচ্যে। ১০৪৯। টগাদি প্রত্যয়ান্ত দৃশ্ ধাতু পরে থাকিলে সর্ব্বনামের স্থানে ঙা হয়। ১০৫০। টগাদি প্রত্যয়ান্ত দৃশ্ ধাতু পরে থাকিলে

সমান, ইদম্, কিম্ ও অদস্ শব্দের স্থানে যথাক্রমে স, ঈ, কী ও অমূ আদেশ হয়। তৃণাদি সমাপ্ত।

ক্তাদি—১০৫১। অতীতকাল বুঝাইলে ধাতুর উত্তর কর্ম ও ভাববাচ্যে ক্তপ্রত্যয় এবং কর্ত্তৃবাচ্যে ক্তবতু প্রত্যয় হয়। ১০৫২। ক্ত ও ক্তবতু প্রত্যয় পরে থাকিলে ক্ষি ধাতুর দীর্ঘ হয়, কিন্তু কর্মবাচ্যে হয় না; ভাববাচ্যে এবং দৈন্য ও আক্রোশ অর্থে বিকল্পে হয়। ১০৫৩। স্বাদি, ল্বাদি, ওকার ইৎ ধাতু, রকার, ক্ষীশব্দ এবং যল্ সংযোগের সহিত যুক্ত আকারান্ত ধাতুর পরস্থিত ক্ত ও ক্তবতুর তকারের স্থানে নকার হয় পূর্ব দ্ এর ন্ হয়, কিন্তু পৃ, প্রভৃতির পরস্থিত ত্এর ন্ হয় না। ১০৫৪। বৃঞ্, বৃঙ্, ঋকারোঙ, উবর্ণান্ত, শ্রিঞ, ও উর্ণু ধাতুর পরস্থিত কিৎপ্রত্যয়ের স্থানে ইম্ হয় না। ১০৫৫। জিগীষা ভিন্ন অর্থে সিব্, অপাদান ভিন্ন অর্থে অঞ্চ্ এবং স্পর্শভিন্ন অর্থে শ্যৈ ধাতুর পরস্থিত ক্ত ও ক্তবতুর তকারের নকার হয়। ১০৫৬। ক্ত ও ক্তবতু পরে থাকিলে ঘন ও স্পর্শ অর্থে শ্যৈ ধাতুর শি হয়। ১০৫৭। প্রতিপূর্ব্বক শ্যৈ ধাতুর ক্ত ও ক্তবতু পরে থাকিলে শি হয়। ১০৫৮। ক্ত ও ক্তবতু পরে থাকিলে অভি ও অবপূর্বক শ্যৈ ধাতুর শি হয় বিকল্পে। ১৭৫৯। কর্মকর্ত্তৃবাচ্যে ষিঞ্ ধাতুর পরস্থিত ক্ত ও ক্তবতুর তকারের নকার হয় গ্রাস অর্থ বুঝাইলে। ১০৬০। নাশ অর্থে পূঞ্ ধাতুর পরস্থিত ক্ত ও ক্তবতুর ত্ এর ন্ হয়। ১০৬১। দূ ও গু ধাতুর পরস্থিত ক্ত ও ক্তবতুর ত্ এর ন্ এবং ধাতুর দীর্ঘ হয়। ১০৬২। ব্রশ্চ ধাতুর পরস্থিত ক্ত ও ক্তবতুর তকারের নকার হয় এবং ধাতুর স্থানে কঙ্ হয়। ১০৬৩। হ্রী, ঘ্রা, ত্রৈ, উন্দি, নুদ্ ও বিদি ধাতুর পরস্থিত ক্ত ও ক্তবতুর তকারের নকার হয়। ১০৬৪। ক্ষৈ, শুষ্, ও পচ্ ধাতুর পরস্থিত ক্ত ও ক্তবতুর তকারের স্থানে যথাক্রমে ম, ক ও ব হয়। ১০৬৫। প্রপূর্বক স্ত্যৈ ধাতুর পরস্থিত ক্ত ও ক্তবতুর স্থানে বিকল্পে মকার হয়, এবং স্ত্যৈ ধাতুর শি হয়। ১০৬৬। নির্ব্বাণ, ভিত্ত প্রভৃতি ক্তপ্রত্যয়ান্ত শব্দ নিপাতনে সিদ্ধ হয়। ১০৬৭। ক্ষুধ, বস, পূজার্থক অঞ্চ্ ও লোভার্থক লুভ ধাতুর পরস্থিত ক্ত ক্তবতু ও ক্তাচ্ প্রত্যয়ের স্থানে ইম্ হয়। ১০৬৮। পূ, ক্লিশ্, বম্,

জপ এবং বি ও আঙ্, পূর্বক শ্বস্ ধাতুর পরস্থিত ক্ত ও ক্তবতুর স্থানে ইম্ হয় বিকল্পে। ১০৬৯। পূ, শী, ধৃষ্, ম্বিদ্, ক্ষ্বিদ্ ও ক্ষমার্থক মৃষ্ ধাতুর গুণ হয় সেম্ ক্ত ও ক্তবতু পরে থাকিলে। ১০৭০। যে সকল ধাতুর উত্তর শপ্ প্রত্যয় হয়, সেইরূপ উকারোঙ্ ধাতুগুলির ভাব ও আদিকর্ম অর্থে গুণ হয় বিকল্পে সেম্ ক্ত ও ক্তবতু পরে থাকিলে। ১০৭১। সেম্, ক্ত ও ক্তবতু পরে থাকিলে ঞির লোপ হয়। ১০৭২। যে সকল ধাতুর ঈকার ইৎ হয় এবং যাহাদের উত্তর রভিন্ন বসের বিকল্পে ইম্ হয় সেইরূপ ধাতু সমূহ এবং ডী ও শী ধাতুর পরস্থিত ক্ত ও ক্তবতুর স্থানে ইম্ হয় না; কিন্তু পতি, অনেকাচ্ ও নির্ পূর্বক কুষ্ ধাতুর ইম্ হয়। ১০৭৩। আকার ইৎ ধাতুর পরস্থিত ক্ত ও ক্তবতুর স্থানে ইম্ হয় না। ১০৭৪। ভাববাচ্যে ও কর্মের প্রারম্ভ বুঝাইলে আকার ইৎ ধাতুর ইম্ বিকল্পে হয়। ১০৭৫। কর্মবাচ্যে শক ধাতুর পরস্থিত নিষ্ঠার (ক্ত ও ক্তবতুর) স্থানে ইম্ নিষেধ বিকল্পে হয়। ১০৭৬। ক্ষুব্ধ বাঢ় প্রভৃতি ক্তপ্রত্যয়ান্ত শব্দসমূহ অর্থবিশেষে নিপাতনে সিদ্ধ হয়। ১০৭৭। সম্, নি ও বি পূর্বক অর্দ্দ ধাতুর পরস্থিত নিষ্ঠার স্থানে ইম্ হয় না। ১০৭৮। রুষ্, অম্, ত্বষ্, ত্বর, সম্পূর্বক ঘুষ্ ও আঙ্পূর্বক স্বন ধাতুর উত্তর নিষ্ঠার স্থানে ইম নিষেধ বিকল্পে হয়। ১০৭৯। দান্ত, শান্ত প্রভৃতি ক্তপ্রত্যায়ন্ত ঞ্যন্ত ধাতুগুলি নিপাতনে সিদ্ধ হয়। ১০৮০। ক্ত ও ক্তবতু পরে থাকিলে স্ফায় ধাতুর স্থানে স্ফী আদেশ বিকল্পে হয়। ১০৮১। উপসর্গরহিত প্যায় ধাতুর স্থানে পী আদেশ হয় নিষ্ঠা পরে থাকিলে; কিন্তু স্বাঙ্গ ভিন্ন অর্থে বিকল্পে হয়। ১০৮২। অন্ধু ও উধস্ অর্থ বুঝাইলে আঙ্ পূর্বক প্যায় ধাতুর স্থানে পী আদেশ হয়। ১০৮৩। নিষ্ঠা প্রত্যয় ও বিভক্তি পরে থাকিলে হ্লাদি ধাতুর স্থানে হ্রস্ব হয়। ১০৮৪। দো, সো, মা ও স্থা ধাতুর স্থানে ডি হয় অগুণ তকার পরে থাকিলে। ১০৮৫। অগুণ ত পরে থাকিলে ছো ও শো ধাতুর স্থানে ডি বিকল্পে হয়। ১০৮৬। ব্রত অর্থে শো ধাতুর স্থানে ডি নিত্যই হয় অগুণ ত পরে থাকিলে। ১০৮৭। অগুণ ত পরে থাকিলে ধাঞ্ ধাতুর স্থানে হি আদেশ হয়। ১০৮৮।

অগুণ ত পরে থাকিলে চর্ ও ফল্ ধাতুর অকারের স্থানে উকার হয়। ১০৮৯। ধা ভিন্ন দাসংজ্ঞক ধাতুর স্থানে দৎ আদেশ হয় অগুণ ত পরে থাকিলে। ১০৯০। অগুণ ত পরে থাকিলে উপসর্গের অচ্ এর পরস্থিত ধা ভিন্ন দাসংজ্ঞক ধাতুর ত্ হয় অগুণ ত পরে থাকিলে। ১০৯১। ধাভিন্ন দাসংজ্ঞক ধাতুর স্থানে জাত তকার পরে থাকিলে উপসর্গের ইচের দীর্ঘ হয়। ১০৯২। অগুণ ত ও যপ্ পরে থাকিলে অদ্ ধাতুর স্থানে জগ্ধ্ আদেশ হয়। ১০৯৩। আদিকর্ম্ম অর্থাৎ ক্রিয়ার প্রারম্ভ বুঝাইলে কর্তৃবাচ্যেও ক্ত প্রত্যয় হয়। ১০৯৪। গত্যর্থক, অকর্ম্মক, শী, স্থা, আস্, জন্, জৄ, শ্লিষ্ ও রুহ্ ধাতুর উত্তর কর্তৃ, কর্ম্ম ও ভাববাচ্যে ক্তপ্রত্যয় হয়। ১০৯৫। নিশ্চলার্থক, গত্যর্থক ও ভোজনার্থক ধাতুর উত্তর অধিকরণ বাচ্যেও ক্ত হয়। ১০৯৬। জ্ঞানার্থক, ইচ্ছার্থক, ঞীৎ ও শীলাদি ধাতুর উত্তর বর্ত্তমানকালে ক্তপ্রত্যয় হয়। ১০৯৭। ক্বসু প্রত্যয় ঠীর পরস্মৈপদের ন্যায় এবং কান প্রত্যয় ঠীর আত্মনেপদের ন্যায় হয়। ১০৯৮। ঘস্, একাচ্, ঋ, ইম্ ও আকারান্ত ধাতুর পরস্থিত বসুর স্থানে ইম্ হয়। অন্য ধাতুর পরস্থিত বসুর ইম্ হয় না। ১০৯৯। হন্, গম্ দৃশ্, বিশ্ ও বিন্দ্ ধাতুর পরস্থিত বসুর স্থানে ইম্ বিকল্পে হয়। ১১০০। দাশ্বান প্রভৃতি বস্বন্ত শব্দত্রয় নিপাতনে সিদ্ধ হয়। ১১০১। শতৃপ্রত্যয় কীর পরস্মৈপদের এবং শানপ্রত্যয় কীর আত্মনেপদের ন্যায় হয়। ১১০২। শান প্রত্যয় পরে থাকিলে পূর্ব্ব অকারের স্থানে মন্ হয়। ১১০৩। আস্ ধাতুর পরস্থিত শান্ এর আকারের স্থানে ঈ হয়। ১১০৪। বিদ্ ধাতুর পরস্থিত শতৃর স্থানে ক্বসু বিকল্পে হয়। ১১০৫। শক্তি, বয়স ও তাচ্ছীল্য অর্থে 'শতৃ'র স্থানে শান হয়। ১১০৬। ধাতুর উত্তরে বিহিত স্ততৃপ্রত্যয় তী-র পরস্মৈপদের এবং স্তমান প্রত্যয় তী-র আত্মনেপদের ন্যায় হয়। ক্তাদিপাদ সমাপ্ত।

ইষ্ণ্বাদিপাদ ১১০৭। ঞ্যন্ত, ভ্রাজ, ভূ, সহ্, রুচ্, চর্, বৃধ, বৃৎ, প্রপূর্ব্বক জন্, অপপূর্ব্বক ত্রপ্, অলং পূর্ব্বক কৃ, নির্ ও আঙ পূর্ব্বক কৃ

